Sri Ramakrishna

Sri Sri Sarada Ma with Sister Nivedita

Swami Vivekananda with Margaret Noble (Sister Nivedita) and some of his followers in Kashmir

Mother-Bhuvaneshwari-Devi

New York, April 6, 1895.

Chicago, September, 1893. On the platform, (l-r) Virchand Gandhi, Dharmapala, Swami Vivekananda, at the Parliament of Religions

Greenacre, Maine, August, 1894

Chicago, September, 1893 at the Parliament of Religions

Swami Vivekananda with inmates of Belur Math

Swami Vivekananda at Baranagar-1887

Swami-Vivekananda with devotees

Chicago, September 1893 with other Indian delegates of the Parliament

স্বামীজীর গল্প

- স্বামী মেধসানন্দ

'স্বামীজী, আমার পিছনে খুব লাগতেন ।'

স্বামীজীর সম্বন্ধে শৈশবের স্মৃতিচারণা করছেন শ্রীরামকৃষ্ণের অন্যতম গৃহীভক্ত এবং স্বামীজীর বিশেষ অনুরাগী, বসুমতীসাহিত্য মন্দিরের প্রতিষ্ঠাতা ও স্বত্বাধিকারী সুপুরুষ উপেন্দ্রনাথ মুখোপাধ্যায়ের সহধর্মিণী এবং শ্রীরামকৃষ্ণ ও সারদাদেবীর আত্মীয়া ও দক্ষিণেশ্বরে তাঁদেরই স্নেহে পরিপালিতা ভবতারিণী দেবী ।

---- আমাকে স্বামীজী শাকচুন্নী বলে ক্ষেপাতেন । খুব কালো ছিলাম দেখতে । কুচকুচে কালো । ভাতের হাঁড়ির কালিকেও হার মানাত । কিন্তু তিনি যখন 'কালো' বলে খেপাতেন তখন ভীষণ রেগে যেতাম । তিনি এসেছেন শুনলে লুকিয়ে পড়তাম । কিন্তু ঠিক খুঁজে খুঁজে বের করতেন । আর নিজেই হাসতেন । আবার ভালওবাসতেন খুব । আমাকে কাছে ডেকে হাত ভর্তি করে জামরুল, পেয়ারা, কালোজাম দিতেন ।

কী তাঁর ভালবাসা ! এখন যখন ভাবি, চোখ জলে ভরে যায় ।

এক গ্লাস জল আমার হাতে তাঁর চাই-ই চাই । আবার ক্ষেপানোর জন্য বলতেন, 'তোর ঐ কালো হাতে জল খেতে আমার ঘেন্না করে'। সেজন্য জল চাইলে আমি দিতাম না । কিন্তু সে কথা শোনে কে ! বলতেন, দ্যাখ শাঁকচুন্নী, সাধুকে সেবা কর । সাধুকে জল খাওয়ালে গায়ের রঙ ফর্সা হয় । খাইয়ে দ্যাখ, তুই আমার মত ফর্সা হয়ে যাবি । ফর্সা যদি নাও হোস তবে ফুট্‌ফুটে শিবের মত বর নিশ্চয়ই পাবি । নে, এখন জল খাওয়া, পারিস তো এক ছিলিম তামাক খাওয়া ।

শেষ পর্যন্ত জল এনে দিতাম ।

....বিয়ের পরে যখন আমায় স্বামী বলছেন, 'নরেন এসেছে, সুপারি কেটে দাও' । আমি বলেছিলাম, 'আমি পারব না । ও আমায় কালো মেয়ে বলেছে' । ছোট্ট মেয়ে । দুষ্টু মন । 'ওই যে কালো মেয়ে' বলেছে, সে কথাটা ঠিক মনে ছিল !

....বিদেশ থেকে ফিরে এলেন স্বামীজী । বিশ্ববিখ্যাত বিবেকানন্দ কিন্তু তখনো সেই নরেনই ছিলেন ---

হঠাৎই একদিন আমাদের কাশীর বাড়িতে এসে হাজির । সবাই তো একেবারে থ ! সূর্যের মতো দেখতে, যেন আগুন জ্বলছে ! যারা তাঁর সঙ্গে এসেছিল, তাদেরকে বললেন, 'তোমরা সব যাও । আমি আজ এখানে থাকব ।' সবাই চলে গেল ।

....বললেন, 'কই রে শাঁকচুন্নী !' খুব জোরে জোরে কথা বলতেন । 'আমাকে অভ্যর্থনা করলিনি !' আমি তো কেঁদে ফেলেছি । পুরনো কথা মনে পড়ে গেল ।

আমাকে কাঁদতে দেখে আমার দুখান হাত জড়িয়ে ধরে বললেন, 'আমি আজ এলাম, আর তুই এখন কাঁদবি ! তবে আমি যাই । এখানে এলাম দুটো প্রাণ খুলে কথা বলব; আগের মত করে হাসব । তুই রেঁধে তোর ওই কালোহাত দিয়ে সাধুসেবা করবি ।.....

.... নে, এই সব ধড়া-চূড়া খুলে শুলুম তোর মেঝেতে । আগে তো এক ছিলিম তামাক খাই, পরে অন্য কথা ।'

এই বলে টানটান হয়ে শুয়ে পড়লেন । তখন কোথায় গেল আমার কান্না ! খাবার ব্যবস্থা করতে ছুটোছুটি শুরু করলাম ।

আমি যেখানে রান্না বসিয়েছি, এসে বসলেন মাটিতেই । বললাম, 'আসন দিই ?'

বললেন, 'না । রাখ তো আদিখ্যেতা । হ্যাঁরে শাকচুন্নী, শেষ পর্যন্ত তোর হাতের চচ্চড়ি খেতে এলাম রে ! এত থাকতে তোর চচ্চড়ি বড়ি দিয়ে মনে পড়ে গেল । ওইটি রাঁধবি বুঝলি ....'

কে বলবে, এ আমেরিকা কাঁপিয়ে দিয়ে এসেছে ।

আমি যতই বলি, 'ওপরে গিয়ে বস না ।'

বলেন, 'সে কি রে, আমি কি তোর শ্বশুরঘরের লোক যে অমন করছিস ? একটা গান করি । বাদ্যযন্ত্র কিছু আছে ?'

আমি বললাম, 'আমি কি ওসব নিয়ে এসেছি নাকি ?'

'তবে থালাটা দে ।'

থালা বাজিয়েই একটা গান ধরলেন । সে যে কি মধু ! কান ভরে আছে এখনো ।

গান ধরেছেন –

'শ্যামা মা কি আমার কালো রে,

কালো রূপে দিগম্বরী হৃদপদ্ম করে আলো রে !'

আবার ওরই মধ্যে মধ্যে বলছেন,

'শাঁকচুন্নী কি কালো রে !

আমার হৃদপদ্ম করে আলো রে ।'

আর কী হাসি ! বাবা ! কী আনন্দই না ঝরে পড়ছে । আমি তো রাঁধছি, ওই গান শুনে উঠে পালাচ্ছি । তখন বললেন, 'তবে অন্য গান শোন – ঠাকুরকে যে গানে মুগ্ধ করেছিলাম সেই প্রথম দিনের গানটা করি ---

'মন চল নিজ নিকেতনে!

সংসার – বিদেশে বিদেশীর বেশে ভ্রম কেন অকারণে' ---

একটার পর একটা গান গেয়ে চললেন । রান্না হলো, স্নান করতে বললাম । নিচে গিয়ে নিজেই কুয়ো থেকে জল তুলে বেশ করে স্নান সারলেন ।

'শাঁকচুন্নী, দে এবারে, সামনে বস, সাধুসেবা কর । চচ্চড়ি দে । ছোলার ডাল মোটা করে রেঁধেছিস । বাহ্, তোর তবে মনে আছে আমি কি চাই ।'

আর মুখে দক্ষিণেশ্বরের কাহিনী । ঠাকুর কেমন করে গাইতেন, নাচতেন, আবার রেগে গিয়ে বকতেন, তারপরই হাত ভর্তি প্রসাদ দিতেন – এইসব ।

তারপর মেঝেতে শুয়ে ঘুম ।

বললেন 'ডাকিস নি '।

লম্বা ঘুম দিয়ে বিকেলে উঠে বললেন, 'ওরে শাঁকচুন্নী, অনেক বছর এমন ঘুম ঘুমোইনি '

সন্ধ্যা কাটিয়ে চলে গেলেন । আমি দুচোখে ওঁর পথ চেয়ে রইলাম ।

বললেন, 'একদম মন খারাপ করবিনি । তোর কিসের দুঃখ !

---তোর ভাবনা তিনি, তাঁর ভাবনা তুই ।

ঠাকুর তোর পা ছড়িয়ে কান্না ভালোবাসতেন, তোকে খেপিয়ে কাঁদাতেন, আজো তাই । তুই পা ছড়িয়ে বসে কাঁদিস ।

দক্ষিণেশ্বরে ছোটবেলায় কাঁদতিস তোর নিজের জন্য, এখন কাঁদিস তাঁর জন্য । নিজের কান্না আর্তনাদ, ঈশ্বরের জন্য কান্না তাঁর গুণকীর্তন ।'

আনন্দময় স্বামীজী, প্রাণোচ্ছল স্বামীজী, রসিক স্বামীজী, প্রেমিক স্বামীজী -- এরকম কত না ছবি তাঁর জীবনীর এ্যালবামে ধরা আছে – যা দেখতে দেখতে কখনও হাসতে হয়, কখনও কাঁদতে হয়, কখনও বা চিন্তামগ্ন হতে হয় ।

পাশ্চাত্ত্যে ধর্মযাজকদের ইমেজ তাঁরা গম্ভীরাত্মা । স্বামীজী একেবারেই তার বিপরীত । তাঁর হাসির, রসিকতার যেন বিরাম নেই । 'প্রাণ অফুরান ছড়িয়ে দেদার দিবি'র এক সার্থক বিবরণ । সে রূপ দেখে এক পাশ্চাত্ত্যবাসীর বিস্মিত প্রশ্ন, 'স্বামীজী আপনি কি কখনও গম্ভীর হন না ?' গম্ভীর হয়ে স্বামীজীর চট্‌জলদি জবাব, 'হই বই কি, যখন পেট কামড়ায় ।' বলেই আবার হাসি ।

পাশ্চাত্ত্যে খ্রীষ্টান ধর্মযাজকদের অপপ্রচারের ফলে আমেরিকা-ইউরোপের সাধারণ মানুষদের ভারতবর্ষ সম্বন্ধে আজগুবি সব ধারণা । যখনই সুযোগ এসেছে স্বামীজী তীব্র পরিহাস করে সেসব ধারণা নস্যাৎ করতে চেয়েছেন । কয়েকটা নমুনা ।

একজনের প্রশ্ন 'স্বামীজী আমি শুনেছি ভারতে শিশুদের নদীতে ফেলে দেওয়া হয় ।'

স্বামীজীর জবাব 'ঠিক । শৈশবে আমাকেও ফেলে দেওয়া হয়েছিল । কিন্তু আমি এমনই মোটা ছিলাম যে কুমীর আমাকে খেতে পারেনি ।'

আর একবার একজন মহিলা শ্রোতার প্রশ্ন 'ভারতে তো বেছে বেছে মেয়েদের গঙ্গায় ফেলে দেওয়া হয় শুনেছি ।' স্বামীজীর জবাব 'ম্যাডাম, আপনি ঠিকই শুনেছেন । সেই জন্যেই তো সেদেশে এখন প্রসবের দায়িত্ব পুরুষরাই নিয়েছে ।'

আবার কখনও তাঁর পরিহাসপূর্ণ জবাবে এমন গভীরতা থাকত যে বুঝতে গেলে ভাবতে হত । ভ্রমণকালে স্বামীজী কখনও স্টীমার বা ট্রেন ধরার জন্য ব্যস্ততা প্রকাশ করতেন না – ফলে গাড়ি ফেল করার ঘটনা মাঝে মাঝেই ঘটত । এ নিয়ে তাঁর পাশ্চাত্যে ভ্রমণসঙ্গীরা কখনও কখনও অনুযোগ করতেন । 'Indians have no sense of time'

স্বামীজীর উত্তর, 'Because we live in eternity- All time belongs to us'.

স্বামীজীর পরিহাস যে সব সময় কথার মধ্যে সীমাবদ্ধ থাকতো তা নয়, 'প্রাক্টিকাল জোক্সেও' তিনি ছিলেন সিদ্ধহস্ত ।

বেলুড় মঠের ঘটনা । জোসেফিন ম্যাকলাউড তাঁর পাশ্চাত্যের অনুরাগিনীদের মধ্যে অন্যতম । স্বামীজী তাঁকে আদর করে 'জো' বলে ডাকতেন । মর্যাদাপূর্ণ তাঁর আচার-আচরণ । এটিকেট সম্বন্ধে সদা সচেতন । স্বামীজীর একবার ইচ্ছে হল তাঁকে নিয়ে মজা করার । স্বামী সুবোধানন্দ, তাঁর সরলতা ও অল্পবয়স্কতার জন্য তিনি গুরুভাই হলেও, স্বামীজী তাঁকে খোকা বলে ডাকতেন । স্বামীজী তাঁকে একদিন ডেকে বললেন, 'খোকা, তুই এই খাবারটা 'জো'কে দিয়ে আয় । সে তোকে নিশ্চয়ই Thank you বলবে । তুই তার উত্তরে 'Don't care' বলে চলে আসবি' । এ একেবারেই এটিকেট বিরুদ্ধ ব্যবহার । সরল সুবোধানন্দ এসব কিছুই সন্দেহ না করেই স্বামীজীর আদেশ পালন করে জিনিষটা জোসেফিনকে দিয়েছেন; জোসেফিন তৎক্ষণাৎ Thank you বলেছেন । সুবোধানন্দজীও স্বামীজীর শেখানো কথা 'Don't care' বলে এব্যাউট টার্ন ।

দেখতে না দেখতে ভীষণ উত্তেজিত হয়ে – স্বামীজী ঠিক যেমনটি আন্দাজ করেছিলেন – জো হাঁফাতে হাঁফাতে স্বামীজীর কাছে এসে রেগে ফেটে পড়েছেন 'What right this lad has to humiliate me !'

জো-র সেই মূর্তি দেখে স্বামীজীর কি হাসি !

আর একটি ঘটনা । গিরীশবাবুর সঙ্গে স্বামীজীর কথা চলছে । স্বামীজী একসময় বললেন, 'দেখ জি,সি,'—স্বামীজী গিরীশবাবুকে 'জি সি' বলে ডাকতেন – 'তুমি যাই বল, সাড়ে তিন হাতের মধ্যে সেই বিরাট পূর্ণব্রহ্ম কখনো আসতে পারেন না ।' গিরীশচন্দ্র বললেন, 'হ্যাঁ হয়, কেন হবে না ?' তর্ক শুরু হলো, কেউই নিজের মত ছাড়তে রাজি নন । ক্রমে বিতর্ক উচ্চগ্রামে উঠল । দুজনেই তো অসাধারণ ধীসম্পন্ন, পন্ডিত এবং বাক্‌যুদ্ধে নিপুণ ।

স্বামীজী শান্তভাবে কথা বলে যাচ্ছেন, কিন্তু গিরীশচন্দ্র ক্রমেই উত্তেজিত । বহুক্ষণ কেটে গেল । গিরীশচন্দ্র আর নিজেকে সামলে রাখতে পারছেন না; স্বামীজীও গিরীশচন্দ্রকে ক্রমে ক্রমে আরও উত্তেজিত করে তুলছেন । শেষে গিরীশচন্দ্র চিৎকার করে মাটিতে হাত চাপড়ে বলে উঠলেন : 'হ্যাঁরে শালা এসেছে, আমি দেখেছি ।'

স্বামীজী তৎক্ষণাৎ উঠে গিরীশচন্দ্রকে আলিঙ্গণ করলেন । দোতলা থেকে সিঁড়িতে নামার সময় স্বামীজী বাবুরাম মহারাজকে বলছেন, 'জি সি-র সাথে দুটো false talk করা গেল । আমার গুরুর এমন একজন শিষ্য আছে, যাকে বিশ্বাসের অতল পাহাড় থেকে কেউ নামাতে পারবে না।

আর স্বামিজীর ভালোবাসা – তার কি তুলনা আছে? সাগরের উপমা সাগর । আকাশের উপমা আকাশ । তেমনি স্বামীজীর ভালোবাসার উপমা স্বামীজীর ভালোবাসা । ভালোবাসার আকর্ষণেই তাঁর জন্ম । আর ভালোবাসাতেই তাঁর স্থিতি । আর ভালোবাসার প্রেরণাতেই তাঁর দেহধারণ থেকে দেহত্যাগ পর্য্যন্ত শুধু দিয়ে যাওয়া – বিনিময়ে কিছুই না চাওয়া ।

স্বামী ব্রহ্মানন্দজী মন্তব্য করেছেন, 'স্বামীজীর ছিল সব প্রেমের দৃষ্টিতে কাজ । আমরা তাতে দাগ বুলাচ্ছি মাত্র, তাও হয়ে উঠছে না ।'

সেবক কানাই মহারাজ স্বামীজীর সেবা করতে করতে ক্লান্ত হয়ে তাঁর বুকে মাথা রেখে ঘুমিয়ে পড়েছেন । স্বামীজী দীর্ঘক্ষণ স্থির হয়ে শুয়ে থেকেছেন যাতে ক্লান্ত সেবকের ঘুম না ভাঙ্গে ।

স্বামিজীর শিষ্য অচলানন্দজী লিখছেন 'স্বামীজী যখন তাঁর শিষ্যদের 'বাবা' 'বাবা' বলে সম্বোধন করতেন তখন যে কি আনন্দ হতো তা বলে বোঝানো যাবে না ।' স্বামীজীর ভালোবাসার সংস্পর্শে অল্পক্ষণের জন্যেও যাঁরা এসেছে তাঁরা আর কখনও তা ভুলতে পারেন নি – বর্ণনা করতেও পারেন নি তার গভীরতা ।

তাঁর ভালবাসায় পাত্র-অপাত্রের, যোগ্যতা অযোগ্যতার বিচার যেমন ছিল না তেমনি ছিল না তার পরিমাণের হিসেব নিকেশ, না ছিল তথাকথিত ঠিক বেঁঠিকের বিচার ।

বেলুড়ে এক মাতাল মাঝে মাঝে আসত ও নাচগান করত । তাকে 'জয়-মা-কালী' বলে ডাকা হত । একদিন মঠে স্বামীজী তাঁর দোতালার ঘরে আছেন এমন সময় হঠাৎ 'জয়মাকালীর' আবির্ভাব । সে নেচে-গেয়ে সবাইকে খুব করে হাসিয়ে চলে গেল । স্বামীজী তাঁর নিজের ঘরে থাকলেও মঠে কোথায় কি হচ্ছে সব টের পেতেন । একটু পরে খোঁজ নিচ্ছেন, লোকটা যে তোদের এত আনন্দ দিয়ে গেল, তাকে কি দিলি!

যখন বলা হল তাকে চার আনা দেওয়া হয়েছে (তখনকার দিনে চার আনা কমপক্ষে এখনকার একশ টাকার সমান) তখন স্বামীজী রেগে গিয়ে বললেন, 'কি, যে লোকটা লাখটাকার আনন্দ দিয়ে গেল তাকে মাত্র চার আনা দিয়েছিস?' তারপর একজনকে একটাকা দিয়ে বললেন 'যা লোকটাকে এই টাকাটা দিয়ে আয় আর ভালো করে 'খেতে' বলিস'।স্বামীজীকে মাতালকে মদ খাওয়ার জন্য টাকা দিতে দেখে সাধুরা অবাক ।

একবার ট্রেনে যাচ্ছেন । একটি স্টেশনে গাড়ি থেমেছে । কানাই মহারাজ (পরে স্বামী নির্ভয়ানন্দ) এসে খোঁজ খবর নিচ্ছেন । একটি মুসলমান ফেরিওয়ালা চানাসিদ্ধ বিক্রয় করছে । স্বামীজী যে কম্পার্টমেন্টে ছিলেন, তার সামনে বারবার আনাগোনা করছে । অমনি স্বামীজী ব্রহ্মচারীকে ডেকে বললেন, "ছোলাসেদ্ধ খেলে বেশ হয় ! বেশ স্বাস্থ্যকর জিনিস !" স্বামীজীর মনোভাব বুঝে ব্রহ্মচারী তাকে ডেকে একটি ঠোঙা নিলেন । জিনিসটির দাম হয়ত এক পয়সা; কিন্তু স্বামীজী তাকে কিছু সাহায্য দিতে চান বুঝে ব্রহ্মচারী তাঁকে দিলেন একটি সিকি । স্বামীজী তাকে ডেকে জিজ্ঞেস করলেন, "কিরে ! কত দিলি?" ব্রহ্মচারী বললেন, "চার আনা ।" তিনি বলে উঠলেন, "ওরে, ওতে ওর কি হবে? দে, একটা টাকা দিয়ে দে । ঘরে ওর বউ আছে, ছেলেপিলে আছে ।" একটু পরে বলছেন, "আহা ! আজ বোধহয় বেশি কিছু হয়নি । তাই দেখছিস না, ফার্স্ট সেকেন্ড ক্লাসের সামনে ফেরি করছে ।" ছোলা অবশ্য কেনাই হলো, ওই পর্যন্ত ! দাঁতেও কাটলেন না ।

'ওইটুকু ছিল তাঁর বিশেষত্ব,' মন্তব্য করছেন স্মৃতিচারক মন্মথনাথ মুখোপাধ্যায় । 'যখন যা ভাবতেন, তার অনেক গভীর পর্যন্ত ভাবতেন । আমরা দেখি জিনিস্টার কত দাম হওয়া উচিত । এক পয়সা কি দুই পয়সা । আচ্ছা এক আনা দিয়ে দাও ! তার জায়গায় চার আনা দিলে যথেষ্ট হলো বলে মনে করি । কিন্তু স্বামীজী ভাবছেন, আ-হা ! তার কত অভাব, কত পোষ্য ! অন্ততঃ একটি দিনের জন্য তারা সকলে খেতে পাক । তাঁর প্রাণের 'এই আহা' তাঁকে যে কতদূর ব্যাথিত, পীড়িত করে তুলত তা তাঁর সেবকরাই শুধু জানতেন ।'

এ কথা সত্য যে সাধারণভাবে স্বামীজী সকলের সাথে সদয়ভাবে ব্যবহার করতেন – উত্তেজিত হওয়ার কারণ থাকলেও সাধারণতঃ উত্তেজিত হতেন না । কিন্তু নিজের গুরুভ্রাতা ও শিষ্যদের সঙ্গে (দেশী ও বিদেশী উভয়ক্ষেত্রেই) সে কথা মেনে চলতেন না । প্রয়োজনে অত্যন্ত কঠোরভাব ধারণ করতেন । তা করতেন তাঁদের সংশোধনের জন্য, তাঁদেরই মঙ্গলসাধনের জন্য । তাঁর প্রেমে তাই আঘাত ছিল, কিন্তু অবহেলা ছিল না । আবার বলতেন, আমি যাকে যত ভালোবাসি, তাকে তত বকি ।

আমেরিকায় থাকাকালীন বিশেষতঃ মহিলারা কেউ কেউ তাঁর প্রায়শঃই প্রতিকূল অবস্থার ও কঠোর জীবনযাপনের মধ্যে কিছুটা স্বাচ্ছন্দ্যবিধানের জন্য আপ্রাণ চেষ্টা করতেন । তাঁদের মধ্যে একজন ছিলেন মিস্ ই ওয়াল্ডো এলেন । এলেন প্রতিদিন বহুদূর থেকে এসে তাঁর রান্না বান্না ও গৃহস্থালীর কাজ করতেন, তাছাড়া বক্তৃতার ব্যবস্থাদি করা, নোট লেখা ইত্যাদিও। একদিন স্বামীজী দেখছেন 'এলেন একটা ঘরে বসে নিঃশব্দে কাঁদছেন ।' স্বামীজী উদ্বিগ্ন হয়ে জিজ্ঞেস করলেন, 'কি হয়েছে এলেন, কাঁদছো কেন ?' এলেন বললেন, 'আমার মনে হয় আমি কিছুতেই আপনাকে সন্তুষ্ট করতে পারছি না । অন্য কেউ বিরক্ত করলেও আপনি আমাকেই বকেন ।' সঙ্গে সঙ্গে স্বামীজী বলে উঠলেন, 'অন্য লোকদের বকবো কি করে? আমি তো তাদের ভাল করে চিনি না । আর ওদের কিছু বলতে পারি না বলেই তো তোমায় এত বকাবকি করি । তা যদি নিজের জনকেই বকতে না পারি, তা আর কাকে বকবো বলো?'

এই ঘটনার পর থেকে মিস্ ওয়াল্ডো স্বামীজীর একটু বকুনি খাওয়ার জন্য হাপিত্যেশ করে বসে থাকতেন, কারণ তিনি বুঝেছিলেন এই তিরস্কারই স্বামীজীর ভালোবাসার প্রকাশ ।

স্বামী অচলানন্দ লিখেছেন, 'স্বামীজী যখন প্রচন্ড ক্রোধ প্রকাশ করতেন তখনও তার মধ্যে এক মাধুর্য্য থাকতো – যদিও তা বকুনি শোনা মানুষের হৃদয়ঙ্গম করা সব সময় সহজ ছিল না । আর সে বকুনির ভাষা ছিল একেবারে নিজস্ব । একটা নমুনা দেওয়া যাক ।

শুদ্ধানন্দজী স্বামীজীর সুপণ্ডিত শিষ্য ছিলেন এবং স্বামীজীর ইংরাজী রচনা অধিকাংশ বঙ্গানুবাদ করেছেন । স্বামীজী রেগে গেলে তাঁকে বকতেন

এই বলে 'তোর ঐ ঝাঁ চকচকে মাথায় (মুণ্ডিত মস্তকে) বরিশালের সুপুরি রেখে খড়ম দিয়ে ভাঙবো ।'

কিন্তু তিরুস্কার করার পর যখনই মনে হয়েছে – বা দেখেছেন তিরস্কৃত মানুষটি কষ্ট পেয়েছেন, তখনই একেবারে অন্যভাব ।

সেবক কানাই মহারাজকে তাঁর একবার কোন একটু ভুলের জন্য স্বামীজী কানমলা দিয়েছেন । তারপর হঠাৎ দেখতে পেলেন কানাই মহারাজ লুকিয়ে নিঃশব্দে কাঁদছেন । স্বামীজী কানাই মহারাজের গলা জড়িয়ে ধরে বলেন, 'বাবা কানাই, দেখতে পেয়েছি । আর কেঁদো না বাবা ।'

তাঁর জীবনের অন্তিমলগ্নে –যদিও তখন তাঁর বয়স চল্লিশও ছোঁয়নি – যখন পাশ্চাত্ত্যে প্রচারজনিত অতিরিক্ত পরিশ্রমে, অনিয়মে, খাদ্য ও বাসস্থানের অনিশ্চয়তার ফলে তাঁর শরীর ভেঙ্গে গেছে, প্রায়ই অসুস্থতায় ভুগছেন অথচ স্বধামে প্রত্যাবর্তনের আগে সীমিত সময়ের মধ্যে গুরুর অর্পিত দায়িত্বস্বরূপ তাঁর মিশনকে এক দৃঢ় ভিত্তির উপর প্রতিষ্ঠিত করতে তাঁর গভীর উদ্বেগ ও ব্যাকুলতা । এই পরিস্থিতিতে তাঁর ধৈর্য্যচ্যুতি এবং ক্রোধের প্রকাশের ঘটনা মাঝে মাঝেই ঘটতো যদিও তার জন্য নিজেও কষ্ট কম পেতেন না ।

একবার বেলুড় মঠে গঙ্গার উপর ঘাট নির্মাণকে উপলক্ষ করে স্বামীজী রাজা মহারাজকে (স্বামী ব্রহ্মানন্দজী) প্রচণ্ড গালাগাল করেছেন – যদিও সে ব্যাপারে ব্রহ্মানন্দজীর কোন দায়িত্ব ছিল না । কিন্তু ব্রহ্মানন্দজী প্রাণপ্রিয় স্বামীজীর অসুস্থ শরীরের কথা ভেবে স্বামীজীর কথার কোন প্রতিবাদ না করে নিঃশব্দে শুনে গেলেন । একটু পরেই স্বামীজীর মনে হয়েছে রাজাকে এতখানি বকা ভাল হয় নি । তখন স্বামী বিজ্ঞানানন্দজী – যিনি আসলে ঘাটের কাজের তত্ত্বাবধান করছিলেন – তাঁকে ডেকে বললেন, 'দ্যাখ তো রাজা কি করছে !' বিজ্ঞান মহারাজ গিয়ে দেখেন রাজা মহারাজের দরজা জানালা বন্ধ । ফিরে এসে স্বামীজীকে সেকথা বলতে স্বামীজী ধমক দিয়ে বললেন, 'তোকে বললাম দেখে আসতে রাজা কি করছে আর তুই বলছিস কি না ঘরের দরজা জানালা বন্ধ ।' তখন বিজ্ঞান মহারাজ আবার গিয়ে রাজা মহারাজের ভেজানো দরজা আস্তে আস্তে খুলে দেখেন রাজা মহারাজ কাঁদছেন । দেখে বিজ্ঞান মহারাজ খুব অনুতপ্ত হয়ে বললেন, 'মহারাজ, আমার জন্যেই আপনাকে বকুনি শুনতে হল ।' রাজামহারাজ বললেন, 'ভাই, আমাকে তো বকেইছেন – আমার পিতৃপুরুষকেও ছাড়েন নি ----।'

যাহোক বিজ্ঞান মহারাজ ফিরে গিয়ে স্বামীজীকে যেই বলেছেন রাজা মহারাজ ঘরের দরজা বন্ধ করে কাঁদছিলেন, স্বামীজী ঝড়ের মত ছুটে গিয়ে রাজা মহারাজকে জড়িয়ে ধরে হাউহাউ করে কাঁদতে লাগলেন, 'ভাই রাজা, তুই আমাকে ক্ষমা কর । অসুখ বিসুখে আমার মাথার ঠিক নেই । ভাই আমি তোদের সঙ্গে থাকার উপযুক্ত নই । মঠ ছেড়ে আমি হিমালয়ে চলে যাব ।' স্বামীজীর এই ভাব দেখে রাজা মহারাজ অবাক হয়ে কান্না থামিয়ে স্বামীজীকে প্রবোধ দিচ্ছেন আর বলছেন, 'তুমি চলে গেলে আমরা কাকে নিয়ে এখানে থাকব । তুমি যে আমাদের মাথার মণি !'

শুধু যে গুরুভাই – শিষ্য – ভক্তদের প্রতি তাঁর ভালবাসা প্রগাঢ় ছিল তাই নয়, অসহায় – নিপীড়িত –পাপীতাপীর প্রতি তা পূর্ণবেগে ধাবিত হত । শুদ্ধানন্দজী লিখছেন, স্বামীজী কথা প্রসঙ্গে যখন একবার বলছিলেন 'মহাপাপীকেও ঘৃণা করলে চলবে না', তখন তাঁর মুখচোখে এমন দিব্য ও সুগভীর ভালবাসা ফুটে উঠেছিল যে তিনি কখনও তা বিস্মৃত হতে পারেন নি ।

দেশের প্রতি তাঁর ভালবাসা তো সর্বজনবিদিত । মহাত্মা গান্ধীর উক্তি এই প্রসঙ্গে উল্লেখযোগ্য । তিনি বলেছিলেন, 'বিবেকানন্দর রচনাবলী পাঠের পর দেশের প্রতি আমার ভালবাসা শতগুণে বর্দ্ধিত হয়েছিল ।' কিন্তু তাঁর দেশপ্রেম সাধারণ দেশপ্রেমিকদের দেশপ্রেম থেকে ভিন্ন প্রকৃতির ছিল । অখণ্ডানন্দজী সুন্দর করে তা ব্যাখ্যা করেছেন, 'স্বামীজীর দেশপ্রেম অত সোজা নয় । এ patriotism নয় –দেশাত্মবোধ ।

সাধারণ লোকের হচ্ছে দেহাত্মবোধ, তাই দেহের সেবাযত্নে বিভোর । তেমনি স্বামীজীর হচ্ছে দেশাত্মবোধ – তাই সারা দেশের সুখ দুঃখ, ভূত-ভবিষ্যত-বর্তমান নিয়ে তাঁর চিন্তা । '

ইতিহাসে দেশপ্রেমের অনেক উদাহরণ থাকলেও দেশাত্মবোধের উদাহরণ খুবই বিরল । কিন্তু দেশের মানুষ—দেশের উন্নয়ন নিয়েই কেবল মাত্র তাঁর চিন্তা ছিল না । তা ভাল হলেও এক বিচারে তা মায়ার অন্তর্গত । যেমন শ্রী রামকৃষ্ণ বলেছিলেন শুধু নিজের পরিবারের, নিজের ধর্ম, নিজের দেশকে ভালবাসা মায়ার অন্তর্গত ।

অখণ্ডানন্দজী সেই জন্য এ প্রসঙ্গে আরও লিখছেন –'দেশাত্মবোধ তাঁর শেষ নয়, এর পরও আছে বিশ্বাত্মবোধ । জগতের সকল জীবের জন্য চিন্তা – তাদের ভক্তিমুক্তি কি করে হবে, সেও তাঁর চিন্তা; সবার মুক্তি না হলে তাঁর মুক্তি নেই । সমস্ত দেশের মানুষের সুখ দুঃখে তাঁর সুখ দুঃখ বোধ ।'

'একদিন বেলুড় মঠে রাত দুটোর সময় স্বামীজীর ঘুম ভেঙ্গে গিয়েছে ।' বলছেন স্বামী বিজ্ঞানানন্দজী । '(স্বামীজী) বারান্দায় পায়চারি করছেন । জিজ্ঞাসা করলাম, 'কি স্বামীজী, আপনার ঘুম হচ্ছে না ?' স্বামীজী বললেন, 'দেখ পেসন, (পেসন—হরিপ্রসন্ন, বিজ্ঞানানন্দজীর পূর্বাশ্রমের নাম) আমি বেশ ঘুমিয়েছিলাম । হঠাৎ যেন একটা ধাক্কা লাগল আর আমার ঘুম ভেঙ্গে গেল । আমার মনে হয়, কোন জায়গায় একটা দুর্ঘটনা হয়েছে এবং অনেক লোক তাতে দুঃখকষ্ট পেয়েছে ।'

স্বামীজীর এই কথা শুনে আমি ভাবলাম, কোথায় কি দুর্ঘটনা হলো আর স্বামীজীর এখানে ঘুম ভেঙ্গে গেল – এটা কি সম্ভব ! এরকম চিন্তা করে মনে মনে একটু হাসলাম । কিন্তু আশ্চর্য্য ! পরদিন সকালে খবরের কাগজে দেখি গতরাত্রে দুটোর সময় ফিজির কাছে একটি দ্বীপে অগ্ন্যুৎপাত হয়ে বহু লোক মারা গিয়েছে, বহু লোক নিরাশ্রয় হয়েছে, অর্বণনীয় দুঃখের সম্মুখীন হয়েছে ।

খবরটি পড়ে আমি অবাক হয়ে গেলাম । দেখলাম সিসমোগ্রাফের (পৃথিবীর আভ্যন্তরীণ কম্পন পরিমাপের যন্ত্র) চেয়েও স্বামীজীর nervous system more responsive to human miseries !'

পশুপক্ষীদের প্রতি ভালবাসাও কি স্বামীজীর কম ছিল ! স্বামীজীর শরীর যখন বিশেষ অসুস্থ অথচ তাঁর উচ্চ আধ্যাত্মিক চিন্তারও বিরাম নেই যা দুর্বল শরীরের পক্ষে ক্ষতিকারক তখন ডাক্তাররা তাঁর গুরুভাইদের পরামর্শ দিলেন কিছু জীবজন্তু পুষুন, তাহলে স্বামীজীর মন তাদের নিয়ে ব্যস্ত থাকবে ।

তদনুযায়ী মঠে ভেড়া, ছাগল, হাঁস, কুকুর পোষা হতে থাকল । স্বামীজী তাদের এক একটা নাম দিয়েছিলেন । কখনও কখনও কেবল মাত্র কৌপীন ধারণ করে হাতে লাঠি নিয়ে রাখাল সেজে তাদের সঙ্গে খেলা করতেন । কখনও বা পরম মমতার সঙ্গে তাদের দিকে একদৃষ্টে তাকিয়ে থাকতেন – আর তারাও তাঁর দিকে একদৃষ্টে তাকিয়ে থাকত ।

মনে প্রশ্ন জাগে আমাদের হৃদয়েও ভালবাসা আছে – আমরা ভালবেসে থাকি । স্বামীজীর ভালবাসা ও আমাদের ভালবাসার পার্থক্য কোথায় ?

আমরা স্বরূপতঃ মুক্ত কিন্তু ভালবাসতে গিয়ে নিজেরাও বাঁধা পড়ি, অন্যদেরও বেঁধে ফেলি । আমরা শুদ্ধ ও আত্মস্বরূপ, কিন্তু ভালবাসা আমাদের দেহ-মনে-বুদ্ধিতে আবদ্ধ থাকে - আত্মার দিকে প্রসারিত হয় না । আমরা অনন্ত, আমাদের ভালবাসাও অনন্ত, কিন্তু সীমিত কয়েকজনকে ভালবেসেই আমাদের ভালবাসা যেন নিঃশেষ হয়ে যায় । আমরা পূর্ণ – কিন্তু আমাদের ভালোবাসায় চাওয়া পাওয়ার আকাঙ্খা থাকায় আমাদের অপূর্ণত্ব ঘোচেনা । আমাদের ভালবাসা জোয়ার দিয়ে শুরু হয় কিন্তু ধীরে ধীরে তাতে ধরে ভাটার টান । ফলতঃ সাধারণ ভালবাসা মোহগ্রস্ত, মোহমুক্ত নয় । তা আমাদের বন্ধন করে মুক্ত করে না, সংকীর্ণ করে উদার করে না । তাতে আছে আনন্দ-নিরানন্দের দোলাচল ---নেই নিত্যানন্দ, নেই প্রশান্তি । এর একটিই কারণ – আমাদের অসীম, অনন্ত সৎ-চিৎ-আনন্দময় প্রকৃত স্বরূপ সম্বন্ধে অজ্ঞতা । কিন্তু স্বামীজীর এবং তাঁর মত আত্ম-উপলব্ধিবান পুরুষের ঐরূপ অজ্ঞতা না থাকায় তাঁদের ভালবাসা দিব্য, শুদ্ধ, মুক্ত, প্রসারিত, অসীম, অনন্ত ও উদার । অথচ গভীর ও সমস্রোতা ।

স্বামীজী বলছেন আমি উন্মাদের মত ভালবাসি । কিন্তু দরকার হলে আমার হৃৎপিণ্ডকে ছিঁড়ে ফেলতে পারি । অর্থাৎ তাঁর ভালবাসা সুগভীর অথচ মোহমুক্ত । নিজেদের সীমাবদ্ধতা সত্ত্বেও যারা স্বামীজীর দিব্য-প্রেমময়-আনন্দময় ব্যক্তিত্বের সংস্পর্শে কোন –না কোন ভাবে এসে পড়েছে, তারা শুধু যে তা ভুলতে পারেনি তা নয় সেই স্মৃতি তাদের চেতনার মধ্যে এমন একটা দুরপনেয় ছাপ ফেলেছে যা পরিণামে তাদের অন্তরের সুপ্ত দিব্য ভাবের উদ্বোধন ঘটিয়েছে । এমনই ছিল স্বামীজীর ব্যক্তিত্বের প্রকৃতি ও প্রভাব ।

স্বামীজীর ভালোবাসা শুধু দিব্য ছিল না – তার মধ্যে ছিল ভালোবাসার পাত্রের প্রতি – সে ব্যক্তি হোক, জাতি হোক, কি সমগ্র মানবসমাজ হোক – সুগভীর সমবেদনা, সহানুভূতি ও তাদের ইহলৌকিক এবং পারলৌকিক উভয়বিধ কল্যাণেচ্ছা । কিন্তু কল্যাণেচ্ছা থাকলেই হয় না । সেই ইচ্ছাকে বাস্তবে রূপ দিতে গেলে উপযুক্ত শারীরিক, মানসিক, বৌদ্ধিক, ও আধ্যাত্মিক শক্তি ও সামর্থ্য থাকা দরকার । যিনি একাধারে তাঁর ইষ্ট ও গুরু সেই শ্রীরামকৃষ্ণের কৃপায় ও তাঁর নিকটে লব্ধ এবং নিজের পূর্বজন্মের ও ইহজন্মের সাধনলব্ধ শক্তিতে স্বামীজী শক্তিমান ছিলেন । ফলে তাঁর কল্যাণ করার শক্তিও ছিল, সামর্থ্যও ছিল । এরই পরিণামস্বরূপ আমরা দেখছি, স্বামীজীর আবির্ভাবের ১৫০ বৎসর পরেও তাঁর ভালোবাসা দিকেদিকে কল্যাণস্রোতে প্রবাহিত হয়ে ব্যক্তিমানুষের, ভারতের ও পাশ্চাত্যের তথা সমগ্র বিশ্বের মঙ্গলসাধন করেছে এবং করছেও ।

জয়তু স্বামীজী ।।

স্বামী বিবেকানন্দের টান

- সন্দীপন সেন

(অধ্যাপক, রাষ্ট্রবিজ্ঞান বিভাগ, রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দির, বেলুড় মঠ)

স্বামী চন্ডিকানন্দের লেখা একটা গানে আছে,

'বীর সেনাপতি বিবেকানন্দ ওই যে ডাকিছে, "আয়রে আয়"
আহ্বানে তার আপনা ভুলিয়া কত মহারথী ছুটিয়া যায়'।

এটা ঘটনা, স্বামীজীর ব্যক্তিত্ব ও তাঁর বাণীর আকর্ষণে শত-সহস্র মানুষ ছুটে গেছেন, এঁদের কেউ তাঁকে চাক্ষুষ করেছেন, কেউ বা কেবল তাঁর বাণীমূর্তি প্রত্যক্ষ করার সুযোগ পেয়েছেন । কিন্তু কেবল কি 'মহারথীরা'ই তাঁর আহ্বানে ছুটে গেছেন ? না কি যাঁরাই তাঁর কাছে ছুটে গেছেন জাতি-কুল-মান নির্বিশেষে তাঁরাই 'মহারথী' হয়ে গেছেন ? আসলে দুটোই সত্যি । এই প্রবন্ধের সংক্ষিপ্ত পরিসরে আমরা এমন কিছু মানুষের কথাই বলব, যাঁদের কেউ মহারথী বলেই বিবেকানন্দের টান উপেক্ষা করতে পারেন নি, আবার কেউ বিবেকানন্দরূপ পরশমণির স্পর্শে মহারথী হয়ে উঠেছেন । আর এর মধ্যে দিয়ে বিবেকানন্দের বহুমুখী ব্যক্তিত্বের এক আশ্চর্য দিক হয়ত আমাদের সামনে উন্মোচিত হবে !

আত্মার স্বরূপ

সালটা ১৮৮১-র শেষ কি '৮২-র শুরু । বাবুরাম, পরবর্তীকালে স্বামী প্রেমানন্দ, তখন সবে শ্রীরামকৃষ্ণের কাছে যাতায়াত শুরু করেছেন । সেদিন তিনি ভক্ত রামদয়ালবাবুর সঙ্গে শ্রীরামকৃষ্ণের সাথে দেখা করতে গিয়ে দক্ষিণেশ্বর মন্দিরে থেকে গেছেন । হঠাৎ গভীর রাতে বাবুরাম অবাক হয়ে দেখেন শ্রীরামকৃষ্ণ ব্যাকুল হয়ে আলুথালু বেশে তাঁদের বিছানার পাশে এসে রামদয়ালবাবুকে জাগিয়ে বলছেন, "দেখ, নরেন্দ্রর জন্য প্রাণের ভিতরটা গামছা নিঙড়ানোর মতো জোরে মোচড় দিচ্ছে, তাকে একবার দেখা করে যেতে বলো ।" শুধু একবার নয়, সে রাতে বারে বারেই শ্রীরামকৃষ্ণ এভাবে তাঁদের কাছে ফিরে এসে নরেনের জন্য তাঁর প্রাণের টান ব্যক্ত করছিলেন । বাবুরাম তখনও নরেন্দ্রকে চেনেন না । শুধু এইটুকু ভেবে কষ্ট পেলেন যে "সে ব্যক্তি কি কঠোর !" যার জন্য শ্রীরামকৃষ্ণের এই অদ্ভুত ভালবাসা ।[২]

১৮৮৫ সালের ফেব্রুয়ারি মাসে দক্ষিণেশ্বরে তাঁর জন্মোৎসবের ভরা সমাবেশে নরেনের সামনেই শ্রীরামকৃষ্ণ দ্ব্যর্থহীন ভাষায় ঘোষণা করলেন, "আমি নরেন্দ্রকে আত্মার স্বরূপ জ্ঞান করি ; আর আমি ওর অনুগত ।"[২]

আর একবার বলরামের বাড়িতে কথামৃতকার মহেন্দ্রনাথ গুপ্তের কাছে মুক্তকণ্ঠ শ্রীরামকৃষ্ণ নরেন্দ্রকে সহস্রদল পদ্ম, জালা, দীঘি, রাঙাচক্ষু বড় রুই, বড় ফুটোওয়ালা বাঁশ, পুরুষ পায়রা প্রভৃতি বিশেষণে ভূষিত করে বললেন, "এত ভক্ত আসছে, ওর মতো একটি নাই ।" ----নরেন্দ্র সভায় থাকলে আমার বল !"[৩]

সর্বদা ভগবদ্ভাবে সমাধিমান শ্রীরামকৃষ্ণেরই যদি এই অবস্থা হয়, তাহলে নরেন্দ্রনাথ তথা বিবেকানন্দের সংস্পর্শে আসা অন্যান্যদের দশা কি হবে তা সহজেই অনুমেয় ।

নরেনের সঙ্গ

রাখাল, ভাবীকালের স্বামী ব্রহ্মানন্দ, নরেন্দ্রের সমবয়সী, সতীর্থ, গুরুভাই । শ্রীরামকৃষ্ণের মহাসমাধির পর অন্যান্য গুরুভাইদের সঙ্গে তিনি তখন বরাহনগর মঠে আছেন । মনে তীব্র বৈরাগ্য, সাধ একাকী নর্মদাতীরে গিয়ে সাধনায় ডুব দেবেন । কিন্তু নরেনের টান ফেলে যেতে পারছেন না । আর যেন নিজের মনকেই প্রবোধ দিতে মঠ ছেড়ে তপস্যায় যেতে উৎসুক অপর গুরুভাই সারদাপ্রসন্নকে বলছেন, "এখানে সাধুসঙ্গ । এ ছেড়ে যেতে আছে ? আর নরেনের মতো লোকের সঙ্গ । এ ছেড়ে কোথায় যাবি ?"[৪]

তো আমার নাম গঙ্গাধর নয়

গুরুভাইদের মধ্যে গঙ্গাধর বা স্বামী অখন্ডানন্দের প্রতি বিবেকানন্দের বিশেষ স্নেহ ছিল। আদর করে তিনি গঙ্গাধরকে 'গ্যাঞ্জেস' বলে ডাকতেন । ১৮৯০ সালে পরিব্রাজক রূপে হিমালয়ের উদ্দেশ্যে রওয়ানা দেওয়ার আগে শ্রীশ্রীমা সারদাদেবী এই গঙ্গাধরকেই বলেছিলেন, "বাবা, তোমার হাতে আমাদের সর্বস্ব দিলাম । তুমি পাহাড়ের সকল অবস্থা জানো ---- দেখো, যেন নরেনের খাওয়ার কষ্ট না হয় ।"[৫] এ যাত্রায় ১৮৯০এর জুলাই থেকে ১৮৯১এর মার্চ অবধি অখন্ডানন্দ হিমালয় তথা উত্তর ভারতের নানান্ তীর্থে স্বামীজীর সঙ্গে ভ্রমণ করে খুব আনন্দ পান । কিন্তু এরপর স্বামীজী গুরুভাইদের সঙ্গ ত্যাগ করে নিঃসঙ্গ পরিব্রাজকের জীবন যাপনের সিদ্ধান্ত নিলেন । বললেন, "আমি এবার একলা বেরুব । কোথায় আছি, কোথায় যাচ্ছি, কাউকে সন্ধান দেব না ।" গঙ্গাধর অমনি উত্তর দিলেন, "বেশ, তুমি যদি পাতালে যাও, আর সেখান থেকে যদি তোমায় খুঁজে বের করতে না পারি তো আমার নাম গঙ্গাধর নয় ।" শুরু হল এক অদ্ভুত অভিযান । মীরাট থেকে দিল্লি, দিল্লি থেকে আগ্রা, আগ্রা থেকে বৃন্দাবন, বৃন্দাবন থেকে এটাওয়া, এটাওয়া থেকে আবার বৃন্দাবন হয়ে জয়পুর, সেখান থেকে আজমীর, আজমীর থেকে পুষ্করসহ রাজস্থানের নানা স্থান ও গুজরাটের উপকূলবর্তী নানা শহর ঘুরে আহমাদাবাদ, আহমাদাবাদ থেকে জুনাগড়-দ্বারকা-বেটদ্বারকা, সেখান থেকে নারায়ণ সরোবর – এভাবে প্রায় এক বছর অক্লান্ত ভাবে খোঁজ চলেছে । যেখানেই যান শোনেন ক'দিন আগেই স্বামীজী সেখান থেকে অন্যত্র চলে গেছেন । একবার তো ডাকাতের খপ্পরে পড়ে প্রাণসংশয় পর্যন্ত হয়েছিল । কিন্তু অখন্ডানন্দ আপন লক্ষ্যে অবিচল । স্বামীজীকে খুঁজে পেতেই হবে । অবশেষে নারায়ণ সরোবর থেকে ধূ ধূ মরুপ্রান্তর পেরিয়ে মান্ডবী এসে দীর্ঘ প্রতীক্ষার অবসান ঘটল । সেখানে এক ভাটিয়ার বাড়িতে গঙ্গাধর প্রাণপ্রিয় নরেন্দ্রের সাক্ষাৎ পেলেন । এই ছিল স্বামীজীর আকর্ষণ শক্তি !

চাঁদমুখে ছাই মাখ

১৮৮৭ সালের শেষদিকে হাথরাস রেলওয়ে স্টেশনের সহকারি স্টেশন মাষ্টার শরৎচন্দ্র গুপ্ত হঠাৎ একদিন দেখলেন ট্রেনের কামরায় "এক লাল সুন্দর পাগড়ি বাঁধা বড় বড় চোখওয়ালা সাধু" যাচ্ছেন । দেখেই মনে পড়ল ক'দিন আগে এঁকেই যেন স্বপ্নে দেখেছেন ! এগিয়ে গিয়ে আমন্ত্রণ জানালেন তাঁর বাড়িতে যাওয়ার জন্য । আমন্ত্রণ স্বীকার করে স্বামীজী ক'দিন পরে শরৎচন্দ্রের বাড়িতে এলেন । একদিন শরৎচন্দ্র স্বামীজীর কাছে কিছু উপদেশ প্রার্থনা করলেন । উত্তরে 'বিদ্যাসুন্দর'এর একটি পঙ্‌ক্তি উদ্ধৃত করে স্বামীজী বললেন, "বিদ্যা যদি লভিতে চাও, চাঁদমুখে ছাই মাখ, নইলে এই বেলা পথ দেখ ।" অমনি শরৎচন্দ্র খপ্ করে উনুন থেকে কিছুটা ছাই মুখে মেখে স্বামীজীর সামনে উপস্থিত হলেন । হাথরাস ছেড়ে যাবার সময় শরৎচন্দ্রও স্বামীজীর শরণ নিলেন, এবং হরিদ্বার-হৃষিকেশ প্রভৃতি তীর্থে গুরু-শিষ্য কয়েক মাস কাটালেন । পথে অসুস্থ হয়ে পড়ায় একবার স্বামীজী শরৎচন্দ্রের জুতো পর্যন্ত বহন করেছিলেন । পরে তিনি বরাহনগর মঠে গিয়ে স্বামীজীর কাছে বিধিবদ্ধ সন্ন্যাস নিয়ে হলেন স্বামী সদানন্দ । পরবর্তীকালে সদানন্দ বলতেন, "আমরা স্বামীজীর কাছে তাঁর গ্ল্যামার দেখে আসিনি । ত্রিতাপতাপিত হয়ে মুক্তির জন্য আসিনি । -- নরেন দত্তের পিরিতে পড়ে এসেছি । সাফ কথা !He was all love—তাঁর সব সত্তাটাই প্রেমময় --- ভালবাসা জমাট ।"[৬]

গুরু-শিষ্য

১৮৯১ সালের জুন মাস । স্বামীজী তখন আবু রোডে এক মুসলমান উকিলের বাড়িতে অতিথি হিসেবে রয়েছেন । একদিন খেতরি-রাজের ব্যক্তিগত সচিব মুন্সী জগমোহনলাল সেখানে এসে তাঁর সঙ্গে আলাপ করে এত মুগ্ধ হলেন যে, ফিরে গিয়ে রাজা অজিত সিংকে তা সবিস্তার জানালেন । অজিত সিং সেদিনই স্বামীজীকে দেখতে তাঁর আবাসে যেতে চাইলেন । সেকথা শুনে স্বামীজী স্বয়ং অজিত সিংএর সঙ্গে দেখা করতে রাজভবনে উপস্থিত হলেন । রাজা প্রশ্ন করলেন, "স্বামীজী, জীবন মানে কি ?" স্বামীজী উত্তর দিলেন, "প্রতিকূল পারিপার্শ্বিক অবস্থাগুলি চেষ্টা করছে জীবকে দাবিয়ে রাখতে, আর তাদের গ্রাহ্য না করে অন্তঃশক্তি স্বীয় আবরণোন্মচন বা ক্রমবিকাশ করে চলেছে – তাকেই বলে জীবন ।" কথাগুলির মধ্যে দিয়ে তিনি যেন তাঁর নিজের জীবনের সব দুঃখ-কষ্ট, বৈরাগ্য ও তিতিক্ষাসঞ্জাত অভিজ্ঞতার নির্যাস ঢেলে দিয়েছিলেন । অজিত সিং অভিভূত হয়ে পড়লেন । আবার প্রশ্ন করলেন, "স্বামীজী, তাহলে শিক্ষার মানে কি ?" স্বামীজীর ততোধিক সপ্রতিভ উত্তর, "আমার মতে শিক্ষার মানে হল কতকগুলি ভাবকে অস্থিমজ্জাগত করা ।" এইভাবে প্রশ্ন-পরিপ্রশ্নে মিনিট, ঘন্টা, দিন প্রভৃতি সময়ের বাঁধাধরা নিয়ম ভেসে গেল । অবশেষে অজিত সিংএর সনির্বন্ধ অনুরোধে স্বামীজী তাঁর সঙ্গে খেত্‌রি গেলেন । রাজা তাঁর শিষ্যত্ব গ্রহণ করলেন । স্বামীজী তাঁর ঐহিক ও পারমার্থিক উভয়বিধ কল্যাণের কারণ বলে রাজার দৃঢ় প্রত্যয় হল । এই

গুরু-শিষ্য সম্বন্ধ আজীবন অটুট ছিল, এবং উভয়ের জীবনেই এক উজ্জ্বল অধ্যায়ের সূচনা করেছিল ।[৭]

আলাসিঙ্গা

১৮৯৩ সালের জানুয়ারি মাসে স্বামীজী তাঁর পূর্বপরিচিত মন্মথনাথ ভট্টাচার্যের সঙ্গে পন্ডিচেরি থেকে মাদ্রাজে উপস্থিত হলেন । এর কিছুদিন আগেই তিনি কন্যাকুমারিকাতে ভারতের পুনরুজ্জীবনের পথ খুঁজতে গভীর ধ্যানে নিমগ্ন হয়েছিলেন । যাইহোক মাদ্রাজে মন্মথবাবুর বাড়িতে থাকার সময় একেবারে প্রথম দিন থেকেই বারো-চোদ্দ জন শিক্ষিত যুবক তাঁর কাছে আসা-যাওয়া করতে লাগলেন এবং তাঁর ব্যক্তিত্বে আকৃষ্ট হয়ে তাঁকে গুরু পদে বরণ করলেন । এঁদের মধ্যে অন্যতম ছিলেন আলাসিঙ্গা পেরুমল । বয়সে স্বামীজীর চেয়ে মাত্র দুবছরের ছোট পেরুমল সেসময় মাদ্রাজের পাচ্চইপ্পাস হাইস্কুলের প্রধান শিক্ষক হিসেবে কাজ করছিলেন । স্বামীজির ব্যক্তিত্বে তিনি এতটাই আকৃষ্ট হলেন যে অচিরেই তিনি শিকাগোতে অনুষ্ঠেয় বিশ্বধর্মমহাসভায় স্বামীজীর যোগদান সুনিশ্চিত করতে অর্থসংগ্রহের কাজে নেতৃত্ব দিতে আত্মনিয়োগ করলেন । শুধু স্বামীজীর পাশ্চাত্য গমনের আয়োজন করাই নয়, কালক্রমে দাক্ষিণাত্যে রামকৃষ্ণ ভাবান্দোলনের সংগঠন ও প্রসারে তিনি তাঁর অত্যন্ত বিশ্বাসভাজন ও অনুগত সেবকরূপে দায়িত্ব পালন করেছিলেন ।[৮]

জামশেদজী টাটা

শিকাগো ধর্মমহাসভায় যোগদানের উদ্দেশ্যে স্বামীজী তখন জাহাজে চীন-জাপান হয়ে আমেরিকার পথে । ইয়োকোহামা থেকে ১৮৯৩-এর ১৪ই জুলাই তাঁদের জাহাজ এম্প্রেস্ অফ ইন্ডিয়া রওনা দিল ভ্যাঙ্কুবর । জাহাজে স্বামীজীর সঙ্গী ছিলেন জামশেদজী নসরভনজী টাটা । তিনি সেসময় জাপান থেকে দেশলাই আমদানী করে ভারতে ব্যবসা করতেন । স্বামীজী তাঁকে পরামর্শ দিলেন, 'জাপান থেকে দেশলাই নিয়ে গিয়ে দেশে বিক্রয় করে জাপানকে টাকা দিচ্ছ কেন ? তুমি তো সামান্য কিছু দস্তুরী পাও মাত্র; এর চেয়ে দেশে দেশলাইয়ের কারখানা করলে তোমারও লাভ হবে, দশটা লোকেরও প্রতিপালন হবে এবং দেশের টাকা দেশেই থাকবে'।□ শুধু তাই নয়, স্বামীজী তাঁকে ভারতে স্টীল প্ল্যান্ট তৈরি ও বিজ্ঞান গবেষণার জন্য একটি আধুনিক কেন্দ্র গড়ে তুলতেও উৎসাহ দেন । পরবর্তীকালে জামশেদজী আমেরিকা থেকে প্রযুক্তি এনে স্টীল প্ল্যান্টের কাজ শুরু করেন এবং একটি বিজ্ঞান গবেষণা কেন্দ্রও গড়ে তোলেন । ১৮৯৮ সালে সেই গবেষণা কেন্দ্রে নেতৃত্ব দেওয়ার জন্য তিনি স্বামীজীকেই আহ্বান জানান । স্বামীজীর পক্ষে সেই দায়িত্ব নেওয়া সম্ভব না হলেও সম্ভবতঃ তাঁরই আগ্রহে সেবছর 'প্রবুদ্ধ ভারতে' এই প্রতিষ্ঠানের সমর্থনে একটি সম্পাদকীয় প্রকাশিত হয় ।[১০]

সূর্যের কিরণ-বিকিরণের অধিকার

১৮৯৩ সালের জুলাইয়ের শেষে বিবেকানন্দ আমেরিকায় পৌঁছে এক কঠিন পরিস্থিতির সম্মুখীন হলেন । একে তো প্রচণ্ড ঠাণ্ডার মধ্যে তাঁর উপযুক্ত শীতবস্ত্রের অভাব, সেই সঙ্গে প্রবল আর্থিক অনটন এবং নতুন আদব-কায়দা ও রীতি-নীতির সঙ্গে মানিয়ে নেওয়ার সংগ্রাম । তার সঙ্গে যুক্ত হল আরেক দুশ্চিন্তা – শিকাগো ধর্মমহাসভা শুরু হতে আরও দুমাস দেরি আর সেখানে বক্তৃতা দিতে প্রয়োজন উপযুক্ত সুপারিশ ও পরিচয়পত্র । এই পরিস্থিতিতে আগষ্টের শেষাশেষি তাঁর সঙ্গে আলাপ হল হার্ভার্ড বিশ্ববিদ্যালয়ের গ্রীক ভাষার অধ্যাপক জন হেনরি রাইটের । স্বামীজীর সঙ্গে সাক্ষাতের পর উপযুক্ত পরিচয়পত্রের অভাবে তাঁর ধর্মমহাসভায় যোগদানের সমস্যার কথা শুনে তিনি বললেন, 'আপনার কাছে পরিচয়পত্র চাওয়া আর সূর্যকে তার কিরণ বিকিরণের কি অধিকার আছে জিজ্ঞাসা করা একই কথা'। স্বামীজীর প্রতিভায় তিনি এত মুগ্ধ হলেন যে ধর্মমহাসভার সচিবের কাছে তাঁর সুপারিশপত্রে লিখলেন, 'ইনি এমন একজন বিজ্ঞ ব্যক্তি যে, আমাদের সব অধ্যাপককে একত্র করলেও তাঁরা এঁর সমকক্ষ হবেন না' ।[১১]

পৃথিবীর ভগবান --

অধ্যাপক রাইটের পর্যবেক্ষণ কতখানি নির্ভুল ছিল, তার প্রমাণ মেলে ১৮৯৩ সালের ১১ই সেপ্টেম্বর ধর্মমহাসভায় প্রদত্ত স্বামীজীর প্রথম বক্তৃতার প্রতিক্রিয়া থেকে । প্রত্যক্ষদর্শী এস কে ব্লজেট লিখেছিলেন, সেই যুবকটি উঠে যখন বললেন, 'আমার আমেরিকাবাসী বোন ও ভাইরা', তখন সাত হাজার নরনারী এমন একটা কিছুর প্রতি শ্রদ্ধা নিবেদন করতে উঠে দাঁড়াল যা তারা ভাষায় প্রকাশ করতে সমর্থ ছিল না । যখন বক্তৃতা শেষ হল, তখন দেখলাম, দলে দলে নারীরা তাঁর সান্নিধ্য লাভের জন্য বেঞ্চি ডিঙ্গিয়ে অগ্রসর হচ্ছে । আমি তখন মনে মনে বললাম, এ আক্রমণে যদি তুমি মাথা ঠিক রাখতে পার তো তুমি ভগবান'![১২] স্বামীজী মাথা ঠিক রাখতে পেরেছিলেন । সে রাতেই ধনীগৃহের বিলাসব্যসন ত্যাগ করে ভূমিশয্যায় নয়নজলে ভেসে তিনি জগন্মাতার কাছে কাতরে প্রার্থনা করেছিলেন, 'ভারতে জনতাকে কে ওঠাবে ? কে তাদের মুখে অন্ন দেবে ? মা দেখিয়ে দাও, আমি কি করে তাদের সেবা করতে পারি'।[১৩] এর অনেক পরে ১৮৯৮ সালের মাঝামাঝি একবার জোসেফিন ম্যাকলাউডের সঙ্গে শ্রীমতী ব্লজেটের পরিচয় হয় । ব্লজেটের বাড়িতে ম্যাকলাউডের অসুস্থ ভাই তখন ভাড়া থাকতেন । ভাইয়ের রোগশয্যার ওপর স্বামীজীর পূর্ণাবয়ব এক ছবি দেখে ম্যাকলাউড শ্রীমতী ব্লজেটকে জিজ্ঞাসা করেন তিনি তাঁকে চেনেন কি না । বৃদ্ধা ব্লজেট তখন শ্রদ্ধানত চিত্তে উত্তর দিলেন, 'পৃথিবীতে যদি কোন ভগবান থাকেন, তবে ইনিই' । পরে স্বামীজী তাঁর আমন্ত্রণে লস এঞ্জেলেসে তাঁর বাড়িতে এসে ক্লাস নিয়েছিলেন ।[১৪]

বাছা, শান্ত হও

শিকাগো ধর্মমহাসভায় তাঁর অভূতপূর্ব সাফল্যের সুবাদে বিবেকানন্দ তখন আমেরিকার অভিজাত মহলে সুপরিচিত নাম । ১৮৯৪ সালের মার্চে শিকাগোতে থাকাকালীনই একদিন বিখ্যাত অপেরা গায়িকা মাদাম এমা কালভে তাঁর সঙ্গে দেখা করতে এলেন । কালভে তখন ব্যক্তিগত জীবনে এক ভয়ঙ্কর বিপর্যয়ের মধ্যে দিয়ে চলেছিলেন । তাঁর একমাত্র মেয়ের আকস্মিক প্রয়াণ তাঁকে জীবনের প্রতি বীতশ্রদ্ধ করে তুলেছিল । চারবার আত্মহত্যার চেষ্টা করে বিফল হয়ে, শেষে যেন দৈবনির্দেশেই তিনি স্বামীজীর কাছে উপনীত হলেন । প্রথম সাক্ষাতের সেই পরমক্ষণটি তাঁর স্মৃতিতে চিরভাস্বর হয়ে ছিল । তিনি লিখেছেন, 'আমি ঘরে ঢুকে ক্ষণমাত্র চুপ করে দাঁড়িয়ে রইলাম । তখন তিনি শান্তভাবে ধ্যানাসনে উপবিষ্ট ছিলেন । তাঁর গেরুয়া রঙের পোশাক সোজা মেঝে পর্যন্ত ঝুলে ছিল, মাথায় ছিল পাগড়ি এবং তা একটু সামনের দিকে ঝুঁকে ছিল । তাঁর চোখ ছিল নিম্নদৃষ্টি । একটু পরেই তিনি চোখ না তুলেই বললেন, "বাছা, কি ঝড়ো আবহাওয়াই না তুমি নিয়ে এলে ! শান্ত হও, এটা একান্ত আবশ্যক ।"

এরপর স্বামীজী একের পর এক কালভের ব্যক্তিগত জীবনের নানা অতীত ঘটনা বলে যেতে লাগলেন । কালভে যখন জিজ্ঞাসা করলেন এসব কথা কে তাঁকে বলেছেন, স্বামীজী জানালেন তার কোন প্রয়োজন নেই কারণ, 'আমি খোলা বইয়ের মতোই তোমার ভেতরটা পড়তে পারি'। স্বামীজীর ব্যক্তিত্ব-প্রভাবে কালভের জীবন বদলে গেল । স্বামীজী তাঁকে বললেন, 'তোমাকে সব ভুলে যেতে হবে । আবার খুশী ও সুখী হও, শরীরটা সুস্থ কর । চুপ করে বসে শুধু দুঃখের কথা ভেবো না । তোমার অন্তরের ভাবাবেগকে বাইরে কোন একটা রূপ দাও'--- ।[১৫] কালভে লিখেছেন, 'তাঁর সুদৃঢ় ইচ্ছা-প্রভাবে আমি আবার প্রাণবতী ও আনন্দপরিপূর্ণা হয়ে উঠলাম'। পরবর্তীকালে কালভের সঙ্গে স্বামীজী মধ্যপ্রাচ্য ভ্রমণে গিয়েছিলেন । সেসময় কালভে আরও ঘনিষ্ঠভাবে স্বামীজীর সান্নিধ্য লাভের সুযোগ পান । একবার তিনি বেলুড় মঠেও এসেছিলেন ।

ধন্যবাদ তো আমাকে দেওয়া উচিত

প্রায় একই সময়ে আমেরিকান ধনকুবের জন ডি রকফেলারের জীবনেও গভীর প্রভাব বিস্তার করেন স্বামীজী । স্বামীজী সেসময় রকফেলারের এক পরিচিতের বাড়িতে থাকতেন । রকফেলার আগে বার কয়েক সুযোগ পেলেও স্বামীজির সাক্ষাৎ এড়িয়ে গিয়েছিলেন । তিনি বেশ স্বাধীনচেতা মানুষ ছিলেন, কারও উপদেশ শুনে চলার পক্ষপাতী ছিলেন না । কিন্তু হঠাৎ একদিন কোনও আগাম খবর না দিয়েই রকফেলার স্বামীজীর পাঠকক্ষে ঢুকে পড়লেন । দেখলেন স্বামীজী কোনও ভ্রূক্ষেপ না করে নিজের পড়ার টেবিলের পেছনে বসে আছেন তারপর তিনি একে একে রকফেলারের জীবনের একান্ত ব্যক্তিগত কথা ধীরে ধীরে বলে গেলেন । আর বললেন যে, ভগবান তাঁকে মানুষের কল্যাণ সাধনের জন্য ধন দিয়েছেন, তিনি যেন স্বার্থবুদ্ধি পরিত্যাগ করে অছি-জ্ঞানে সেই সম্পদের সদ্ব্যবহার করেন । এতে রকফেলার আরও রেগে গেলেন । যেমন ঝড়ের বেগে এসেছিলেন, তেমনি করেই চলে গেলেন, কোনও বিদায় সম্ভাষণ না জানিয়েই । কিছুদিন পরে রকফেলার আবার ফিরে এসে স্বামীজীর সামনে টেবিলের ওপর একটা কাগজ ছুঁড়ে দিলেন, যাতে লেখা ছিল রকফেলার জনকল্যাণে নিবেদিত এক সংস্থা গড়েছেন এবং এর জন্য বিপুল অর্থ ব্যয় করবেন মনস্থ করেছেন । স্বামীজীর কোনও প্রতিক্রিয়া না দেখে তিনি নিজেই বললেন, 'এই নিন মশায়, এখন আপনার সন্তোষ হবে, আর এর জন্য আপনি আমায় ধন্যবাদ দিতে পারেন'। কাগজটি পড়ে স্বামীজী সংক্ষিপ্ত উত্তর দিলেন, 'ধন্যবাদ তো আপনারই আমাকে দেওয়া উচিত'। ভবিষ্যতে রকফেলার আমেরিকার অন্যতম সেরা ধনী এবং একই সঙ্গে জনসেবায় অগ্রণী দাতা হিসেবে পরিচিতি লাভ করেন, আর এই ঘটনার মধ্যে দিয়েই তার সূত্রপাত হয়েছিল ।[১৬]

যা কিছু তিনি বলেছেন, সবই অভ্রান্ত

১৮৯৫-এর ২৯শে জানুয়ারি নিউইয়র্কের একটি বাড়িতে মিস জোসেফিন ম্যাকলাউড স্বামী বিবেকানন্দকে প্রথম দেখেন । স্মৃতিকথায় ম্যাকলাউড লেখেন, 'তিনি প্রথম যে কথাটি বললেন, তা এখন আমার মনে নেই; কিন্তু তা তখন আমার কাছে অভ্রান্ত সত্য বলেই প্রতীত হয়েছিল । তিনি যে দ্বিতীয় কথাটি বললেন, তাও ছিল সত্য, আর তেমনি সত্য ছিল তৃতীয় কথাটি । তারপর সাত বছর ধরে আমি তাঁর কথা শুনেছি এবং যা কিছু তিনি বলেছেন, সবই আমার কাছে ছিল অভ্রান্ত' । তিনি আরও লিখেছিলেন, 'সেদিন থেকে আমার কাছে জীবনের অর্থ অন্যরকম হয়ে গেল । মনে হত, তিনি অপরের মধ্যে এমন এক অনুভূতি জাগিয়ে দিতেন যেন সে অসীমের মধ্যে বাস করছে । সে অসীমতার কোন পরিবর্তন হত না, কোন বৃদ্ধিও তাতে ছিল না । সূর্যকে একবার দেখলে যেমন আর কখনও ভোলা যায় না, এ যেন ঠিক তারই মতো'।[১৭] সত্যিই জীবনের শেষ দিন পর্যন্ত ম্যাকলাউড তা ভোলেন নি । স্বামীজীর কাজে যাতে বিন্দুমাত্র বিলম্ব না করে ঝাঁপিয়ে পড়া যায়, সেজন্য তিনি সবসময় নিজের কাছে কিছু টাকা আর একটা ট্রেনের টিকিট মজুত রাখতেন !

রাফেলের তুলিতে চিত্রিত যীশুখ্রীষ্ট

১৮৯৫ সালের সেপ্টেম্বরে স্বামীজী লন্ডনে পৌঁছন । নভেম্বর মাসে এক সন্ধ্যায় সেখানেই ইসাবেল মার্গেসনের বাড়িতে ঘরোয়া এক আলোচনাসভায় মিস্ মার্গারেট নোব্‌ল, ভাবীকালের ভগিনী নিবেদিতা তাঁকে প্রথম দর্শন করেন । সেদিনের স্মৃতিচারণ করতে গিয়ে নিবেদিতা লিখেছিলেন, 'তিনি আমাদের মধ্যে তাঁর লাল রঙের আলখাল্লা ও কোমরবন্ধ পরে বসে যেন কোন সুদূর দেশের কাহিনী শোনাচ্ছিলেন ও মাঝে মাঝে এক অদ্ভুত অভ্যাসবশে বলছিলেন, 'শিব, শিব'। তাঁর আননে ছিল কোমলতা ও উচ্চভাবের এমন এক মধুর সমাবেশ যা ধ্যানপরায়ণ ব্যক্তিদের বদনে ফুটে ওঠে ---এ যেন সেই মুখচ্ছবি যা মেরী-ক্রোড়ে উপবিষ্ট যীশুখ্রীষ্টের মুখে রাফেলের তুলিতে চিত্রিত হয়েছে । সে অপরাহ্নের পর দশ বছর কেটে গেছে । কিন্তু সেদিন তিনি যে সংস্কৃত শ্লোকগুলি আবৃত্তি করেছিলেন, তা কোনদিন ভোলার নয়' –।[১৮] প্রথম দর্শনে স্বামীজীর ব্যক্তিত্বের প্রতি আকৃষ্ট হলেও, তাঁর সব বক্তব্যকে পুরোপুরি মেনে নিতে তিনি দ্বিধান্বিত ছিলেন । ১৮৯৬ সালে স্বামীজী দ্বিতীয় বার লন্ডনে এলে মার্গারেট নিয়মিত তাঁর ক্লাসে যোগদান শুরু করলেন । একদিন প্রশ্নোত্তর ক্লাসে স্বামীজী হঠাৎ বজ্রনির্ঘোষে বলে উঠলেন, 'জগৎ আজকের দিনে যা চায়, তা হচ্ছে এমন বিশজন নরনারী যারা ঐ রাস্তায় দাঁড়িয়ে সাহসভরে বলতে পারবে যে, ভগবান ছাড়া তাদের আপনার বলবার আর কেউ নেই । কে প্রস্তুত' ? এবার নিবেদিতার প্রাণ সাড়া দিল । তিনি স্বামীজীর কাছে তাঁর কর্মপরিকল্পনা জানতে চাইলেন । ১৮৯৬-এর জুন মাসে স্বামীজী তাঁকে লিখলেন, 'হে মহাপ্রাণ, ওঠো, জাগো ! জগৎ দুঃখে পুড়ে খাক হয়ে যাচ্ছে – তোমার কি নিদ্রা সাজে'?[১৯] নিবেদিতা এবার সর্বান্তঃকরণে স্বামীজীর কর্মযজ্ঞে আত্মনিবেদন করলেন ।

সেরা ভ্রমণসঙ্গী

প্রায় একই সময়ে স্বামীজীর ক্লাসে যোগ দিতে এলেন ক্যাপ্টেন জন হেনরি সেভিয়ার ও তাঁর স্ত্রী শার্লোট সেভিয়ার । স্বামীজীর প্রথম সাক্ষাতে ও তাঁর মুখে বেদান্ত দর্শনের কথা শুনে তাঁদের মনে হল, 'এই ব্যক্তি ও এই দর্শনের অন্বেষণেই তো আমরা এযাবৎ জীবনযাপন করেছি অথচ সফলকাম হই নি'।[২০] এরপর তাঁরা দুজনে একান্তে স্বামীজীর সঙ্গে মিলিত হলেন । সেদিনই শ্রীমতী সেভিয়ারকে স্বামীজী 'মা' বলে সম্বোধন করে একাধারে গুরু ও পুত্ররূপে তাঁদের চিত্ত জয় করে নিলেন । আলাপের মাত্র দুমাসের মাথায় সেভিয়ার দম্পতি স্বামীজীর সঙ্গে ইউরোপের নানা স্থানে ভ্রমণে বের হলেন । এই ভ্রমণের স্মৃতিচারণ করতে গিয়ে পরে শ্রীমতী সেভিয়ার লিখেছিলেন, 'মানুষের ক্রিয়াকলাপের সকল ক্ষেত্র, ও জ্ঞানের সকল শাখা স্বামীজীর আগ্রহের বিষয় ছিল, আর তাঁর মানসিক প্রফুল্লতা ও ঔদার্য, সেই সঙ্গে তাঁর সুক্ষ্মবুদ্ধি এবং ব্যক্তিত্বের আকর্ষণ, সবকিছু মিলিয়ে তাঁকে এক অত্যন্ত আনন্দদায়ক সেরা ভ্রমণসঙ্গী করে তুলেছিল'।[২১] স্বামীজীর অমোঘ আকর্ষণে এর এক বছরের মধ্যেই সেভিয়ার দম্পতি তাঁদের সব সম্পত্তি বিক্রি করে তাঁর সঙ্গে ভারতে চলে এলেন । ১৮৯৯ সালে তাঁদেরই নিঃস্বার্থ সেবা ও দানে হিমালয়ের মায়াবতীতে বাস্তব রূপ নিল স্বামীজীর স্বপ্নের 'অদ্বৈত আশ্রম'।

মাই ফেইথফুল গুডউইন

১৮৯৫-এর শেষ এবং ১৮৯৬-এর শুরুর দিকে নিউইয়র্কে স্বামীজী নিয়মিত ক্লাস নিচ্ছিলেন । তাঁর অনুগামীরা সেসময় সেইসব বক্তৃতা সংকলনের প্রয়োজনীয়তা গভীরভাবে উপলব্ধি করলেন । কিন্তু স্বামীজীর বক্তৃতার তোড় শর্টহ্যান্ডে লিপিবদ্ধ করার উপযুক্ত লোক পাওয়া মুশকিল হল । একে একে দুজন বাতিল হলেন ।

অবশেষে এক বৃটিশ তরুণ জোশিয়া জে, গুডউইন এই কাজে নিযুক্ত হলেন । স্বভাবে তিনি বেশ বোহেমিয়ান ছিলেন । কিন্তু দক্ষতা ও কাজের প্রতি নিষ্ঠায় তিনি ছিলেন অতুলনীয় । মাত্র ত্রিশ বছর বয়সের মধ্যেই তিনি অস্ট্রেলিয়া, কানাডা, মার্কিন যুক্তরাষ্ট্র প্রভৃতি দেশ ঘুরে প্রায় তিনটি সংবাদপত্রের সম্পাদনা করেছিলেন এবং বহু গণ্যমান্য ব্যক্তির সান্নিধ্যে এসেছিলেন । কিন্তু কোথাও তিনি যথার্থ স্নেহ-ভালবাসা-মর্যাদা পান নি । অচিরেই স্বামীজীর ব্যক্তিত্ব ও স্নেহস্পর্শে তিনি যে কেবল তাঁর বক্তৃতার হ্রস্বলিপিকারের কাজ করতে থাকলেন তাই নয়, একাধারে স্বামীজীর প্রিয় শিষ্য, সচিব এবং বেদান্ত প্রচারে নিবেদিত কর্মী হয়ে উঠলেন । যে কাজের জন্য একজন পেশাদার স্টেনোগ্রাফারকে সেসময় সপ্তাহে অন্ততঃ পনের ডলার পারিশ্রমিক দিতে হত, কেবল গ্রাসাচ্ছাদনের সংস্থানের জন্য সামান্য অর্থ ছাড়া গুডউইন সেজন্য প্রায় কিছুই নিতে চাইতেন না । বলতেন, 'বিবেকানন্দ যদি জীবন দিয়ে দিতে পারেন, আমি অন্ততঃ আমার সেবাটুকু দিতে পারি ।"[২২] স্বামীজী স্নেহভরে তাঁর নাম দেন –'মাই ফেইথফুল গুডউইন' । স্বামীজীর রচনার অধিকাংশ লিপিবদ্ধ করার কৃতিত্ব তাঁরই ।

এক প্রণামেই হৃদয় হরণ

১৮৯৭ সালের ১৯ ফেব্রুয়ারী, স্বামী বিবেকানন্দ আমেরিকা – ইউরোপে বেদান্ত প্রচার করে কলকাতায় ঘরের মাটিতে পা দিয়েছেন । বজবজে জাহাজে এসে সেখান থেকে ট্রেনে শিয়ালদহ স্টেশন । সেখান থেকে যে গাড়িতে স্বামীজী উঠলেন তার ঘোড়াগুলি খুলে নিয়ে উৎসাহী যুবকেরা নিজেরাই টানতে লাগলো । দিকে দিকে খোল-করতাল-কীর্তন সহযোগে জয়ধ্বনি উঠল, 'জয় স্বামী বিবেকানন্দজী কী জয়' । সেই অত্যুৎসাহী জনজোয়ারের সাক্ষী ছিলেন তীক্ষ্ণধী যুবক সুধীর চক্রবর্তী । তিনি লিখেছেন, 'স্বামীজী যে গাড়িখানিতে ছিলেন, ঠিক তার সম্মুখেই দাঁড়িয়েছিলাম । যেই গাড়ি থামল, দেখলাম স্বামীজী দাঁড়িয়ে সমবেত সকলকে করজোড়ে প্রণাম করলেন । এই এক প্রণামেই স্বামীজী আমার হৃদয় আকর্ষণ করলেন'।[২২] আর এই আকর্ষণই তাঁকে টেনে আনল স্বামীজীর শরণে । স্বামীজীর কাছে সন্ন্যাসব্রতে দীক্ষিত হয়ে সুধীর হলেন স্বামী শুদ্ধানন্দ, পরবর্তীকালে রামকৃষ্ণ সঙ্ঘের সঙ্ঘাধ্যক্ষ ।

এল, দেখল, পরাজিত হলো

এইভাবে দেশে-বিদেশে স্ত্রী পুরুষ, ধনী নির্ধন, জাতি-ধর্ম-ভাষা-বৃত্তি নির্বিশেষে যিনিই স্বামী বিবেকানন্দের সান্নিধ্যে এসেছেন, তাঁর জীবন বদলে গেছে । বদলে গেছে দুই অর্থে –এক, তাঁরা অন্তরের শক্তিতে বলীয়ান হয়ে সাধারণ থেকে অ-সাধারণ হয়ে উঠেছেন; আর দুই, তাঁরা অনেকেই স্বামীজীর আত্মমুক্তি ও জগদ্ধিতরূপ জীবনব্রত উদ্‌যাপনে আত্মোৎসর্গ করেছেন । এখানে সেরকমই কয়েকজনের কথা উল্লেখ করা হল, অনুল্লিখিত থেকে গেল অধিকাংশের কথা । কিন্তু এই ক'টি ঘটনা থেকেই এটা স্পষ্ট স্বামীজীর ব্যক্তিত্বের অমোঘ আকর্ষণ এড়ানো অসম্ভব ছিল । মাদ্রাজের এক অজ্ঞেয়বাদী বিজ্ঞানের অধ্যাপক সিঙ্গারভেলু মুদালিয়র স্বামীজীর সঙ্গে একবার তর্ক করতে এসেছিলেন । কিন্তু অচিরেই তিনি স্বামীজীর যুক্তিপূর্ণ ও হৃদয়গ্রাহী কথা আর ব্যক্তিত্বের প্রভাবে তাঁর ভক্ত হয়ে উঠলেন । স্বামীজী তাঁর নাম দিয়েছিলেন 'কিডি' । কিডির এই রূপান্তরকে উল্লেখ করে স্বামীজী ঠাট্টা করে বলতেন, 'সিজার বলেছিলেন, এলাম, দেখলাম, জয় করলাম'! কিন্তু কিডি এল, দেখল, পরাজিত হলো'![২৪] এই কথা স্বামীজীর সংস্পর্শে যাঁরা এসেছিলেন, মনে হয় তাঁদের সবার ক্ষেত্রেই প্রযোজ্য ।

মরা মানুষ লাফিয়ে ওঠে

তবে স্বামীজীর জীবদ্দশাতেই যাঁরা তাঁর সংস্পর্শে আসার সুযোগ পেয়েছিলেন শুধু কি তাঁরাই তাঁর ব্যক্তিত্বের আকর্ষণ অনুভব করেছিলেন ? না, তা নয় । স্বামীজী বলেছিলেন তাঁর শরীর চলে গেলেও তাঁর অশরীরী বাণী মানুষের কল্যাণে কাজ করে যাবে । তাই দেখি তাঁর মহাসমাধির পরও শত-সহস্র মানুষ সারা পৃথিবী জুড়ে তাঁর বাণীমূর্তির সংস্পর্শে এসে জীবনের নতুন ও মহত্তর অর্থ আবিষ্কার করেছেন । বিংশ শতকে ভারতীয় সমাজের জননায়কদের মধ্যে -- সুভাষ চন্দ্র বসু, চিত্তরঞ্জন দাশ, মোহনদাস করমচাঁদ গান্ধী, জওহরলাল নেহেরু, চক্রবর্তী রাজাগোপালাচারী, সর্বপল্লী রাধাকৃষ্ণন, বিনোবা ভাবে –এঁরা সকলেই স্বীয় জীবনে স্বামী বিবেকানন্দের বাণীর প্রভাবের কথা স্বীকার করেছেন । সেরকমই স্বীকৃতি জানিয়েছেন বহির্বিশ্বের বহু শ্রুতকীর্তি ব্যক্তিত্ব । যেমন –লিও টলস্টয়, রোমাঁ রোলাঁ, অল্ডাস হাক্সলি, ক্রিস্টোফার ইশারউড, ই পি চেলিশেভ প্রমুখ । আর আজ স্বামীজীর জন্মের দেড়শ বছর পর মানুষ তাঁকে কীভাবে দেখছে ? একটা দৃষ্টান্ত দিলে ছবিটা স্পষ্ট হবে ।

১৯৬২-র ভারত-চীন যুদ্ধের কয়েক বছর পর ভারতীয় সেনাবাহিনীর এক তরুণ জওয়ান জীবনের প্রতি বীতশ্রদ্ধ হয়ে আত্মহত্যার কথা ভাবছিলেন । এমন সময় একদিন দিল্লি রেলওয়ে স্টেশনের এক বইয়ের

স্টল থেকে তিনি একটি বই কিনলেন । মলাটে স্বামী বিবেকানন্দের ছবি আর ভেতরে দেশের যুবকদের উদ্দেশে নিবেদিত তাঁর জ্বালাময়ী বাণী । তরুণটি জীবনের এক নতুন অর্থ খুঁজে পেলেন । শুরু হল এক নতুন সংগ্রাম । মহারাষ্ট্রের খরাপীড়িত রালেগাঁও সিদ্ধি গ্রামে সবুজবিপ্লবের জোয়ার আনা দিয়ে যার সূত্রপাত; আজ তা ভারতজুড়ে দুর্নীতিমুক্ত স্বচ্ছ প্রশাসন গড়ে তোলার লক্ষ্যে বৃহত্তর নাগরিক আন্দোলনের রূপ নিয়েছে । সেদিনের সেই তরুণ জওয়ানই হলেন আজকের তরুণদের 'আইকন' বরেণ্য জননেতা অন্না হাজারে । আর হাজারে মুক্তকণ্ঠে স্বীকার করেছেন স্বামীজীর অগ্নিময়ী ব্যক্তিত্ব আর প্রাণস্পর্শী বাণীই তাঁর প্রেরণার উৎসমুখ ।[২৫]

প্রশ্ন জাগে, কী ছিল স্বামীজীর কথায় যা আজও মানুষকে প্রেরণা যোগাচ্ছে ? স্বামীজীর গুরুভাই স্বামী তুরীয়ানন্দের কথায় এর উত্তর পাওয়া যাবে । স্বামীজীর কথার শক্তি প্রসঙ্গে তিনি বলেছেন, 'স্বামীজীর কথা শুনলে মরা মানুষ তড়াক্ করে লাফিয়ে উঠে বলত –"দাঁড়াও দাঁড়াও ! মরে তো গেছি, কথাটা একবার শুনে যাই ।" তাঁর কথার এতই জোর ছিল যে, ভাব ও ভাষা হৃদয়ের অন্তঃস্তলে তখনই পৌঁছত, একটুও বিলম্ব হতো না । সময়ের ভুল হয়ে যেত । লোকে নিজের অস্তিত্ব ভুলে যেত । সকলের মনকে এক উচ্চ ভাবভূমিতে তিনি তুলে দিতে পারতেন'।[২৬] আর এই উচ্চভূমিতে পৌঁছে মানুষ যাবতীয় ক্ষুদ্রতা সঙ্কীর্ণতা মলিনতা দূরে সরিয়ে এক অনাবিল অন্তর্নিহিত বিরাট সত্তার সন্ধান পায় । মানুষ 'মহারথী' হয়ে যায় । স্বামীজী তো তাই চেয়েছিলেন । ১৮৯০ সালে দ্বিতীয়বার প্রব্রজ্যায় বেরনোর আগে তিনি মঠের গুরুভাইদের বলেছিলেন, 'এবার আর স্পর্শমাত্র লোককে বদলে ফেলতে পারার ক্ষমতালাভ না করে ফিরছি না'।[২৭] বলাবাহুল্য স্বামীজীর জীবনদেবতা তাঁর সেই ইচ্ছাপূরণ করেছিলেন—তার প্রমাণ আজও অবিরল । ■

তথ্যসূত্র

[১] স্বামী গম্ভীরানন্দ, যুগনায়ক বিবেকানন্দ (এরপর থেকে যুগনায়ক), ১৯৯৯, উদ্বোধন কার্যালয়, কলকাতা, ১:৯৪

[২] শ্রীম কথিত, শ্রীশ্রীরামকৃষ্ণ কথামৃত (এরপর থেকে কথামৃত)অখণ্ড, ১৯৯০, আনন্দ পাবলিশার্স, কলকাতা, ২২।০২।১৮৮৫, ৯৭১

[৩] কথামৃত, ১৫।০৭।১৮৮৫,৮০৯

[৪] কথামৃত, ০৮।০৫।১৮৮৭, ১০১৩

[৫] স্বামী অন্নদানন্দ, স্বামী অখন্ডানন্দ, ১৯৮২, উদ্বোধন কার্যালয়, কলকাতা, ৬৫

[৬] স্বামী পূর্ণাত্মানন্দ (সম্পাদক), স্মৃতির আলোয় স্বামীজী (এরপর থেকে স্মৃতির আলোয়), ১৯৯৩, উদ্বোধন কার্যালয়, কলকাতা, ২৯-৩০, যুগনায়ক, ১:১৯৯-২০১

[৭] যুগনায়ক, ১:২৬২-৭

[৮] যুগনায়ক, ১:৩২৯-৪২

[৯] মহেন্দ্রনাথ দত্ত, শ্রীমৎ বিবেকানন্দ স্বামীজীর জীবনের ঘটনাবলী, ১৯৮৯, দি মহেন্দ্র পাবলিশিং কমিটি, কলকাতা ৩:২

[১০] Swami Medhasananda, 'Pioneering the Indo-Japanese Relationship', Anjali, Durgapuja 2007

[১১] যুগনায়ক, ২:১৪

[১২] যুগনায়ক, ২:২৭

[১৩] যুগনায়ক, ২:২৭

[১৪] স্বামী লোকেশ্বরানন্দ (সম্পাদক), চিন্তানায়ক বিবেকানন্দ (এরপর থেকে চিন্তানায়ক), ১৯৮৮, রামকৃষ্ণ মিশন ইন্সটিট্যুট অফ কালচার, কলকাতা ৯৫১-২

[১৫] যুগনায়ক, ২:৫১-২

[১৬] যুগনায়ক, ২:৫৩-৪

[১৭] যুগনায়ক, ২:১৫৫

[১৮] যুগনায়ক, ২:১৮৯

[১৯] যুগনায়ক, ২:২৪৮

[২০] যুগনায়ক, ২:২৪৯

[২১] Music Louise Burke, Swami Vivekananda in America: New Discoveries, 1988 Advaita Ashrama, Mayavati, 4:280 (থেকে স্বকৃত অনুবাদ)

[২২] চিন্তানায়ক, ৯৪৭

[২৩] স্মৃতির আলোয় ৩১

[২৪] যুগনায়ক, ২:৩২৫

[২৫] দ্রষ্টব্য : http://www.annahazare.org/biography.html

[২৬] স্মৃতির আলোয়, ১০

[২৭] যুগনায়ক, ১:২২২

মানব প্রেমিক বিবেকানন্দ - সূর্যের এক নাম

- সৌরভ চৌধুরী

(বেলুড় বিদ্যামন্দির প্রাক্তনী ও বর্তমানে হলদিয়া পেট্রোকেমিক্যালস্-এ কর্মরত)

অঙ্কের হিসেবে ক্ষণকাল (১৮৬৩—১৯০২) তিনি ছিলেন আমাদের মধ্যে । কিন্তু অঙ্কের বাইরে একটা হিসেব আছে, তার নিরিখে তিনি জীবিত থাকবেন সহস্র বৎসর ধরে আমাদের মনে এবং চেতনায় । সাহিত্যিক বনফুল স্বামীজী উদ্দেশ্যে প্রণাম নিবেদন করে লিখেছেন, "এ অগ্নি আমাদের স্পর্শ কর তুমি । অঙ্গার হয়ে কতকাল থাকবো আমরা জড়ের মতো । আমাদের প্রাণবান কর, শক্তিমান কর, উজ্জ্বল কর, মহৎ কর । মুক্ত কর আমাদের হীন-পশুত্বের কারাগার থেকে । আমরা আজও তোতাপাখীর মতো তোমার বন্দনা করে যাচ্ছি, হৃদয়ের মধ্যে তোমাকে অনুভব করিনি । আমাদের প্রতি দয়া কর । হে ধন্বন্তরি, দূর কর আমাদের অন্ধকার । আমাদের প্রেরণা দাও, আমাদের বাঁচাও ।"

এই অগ্নিদেবতা বিবেকানন্দের কাছে মানুষই ছিল প্রথম এবং মানুষই হল শেষ কথা । মানুষের সুপ্ত আত্মার জাগরণে, মানুষের হৃদয়ের দেবত্বকে জাগরিত করতে সারাটা জীবন তাঁর সংগ্রাম । বিশ্বাস করেছেন ত্যাগ ও সেবার মাধ্যমেই জাতির উন্নতি । স্বদেশের জনগণকে উদ্বুদ্ধ করতে মহামন্ত্র শুনিয়েছেন, "শ্রদ্ধাবান হও, বীর্যবান হও । আত্মজ্ঞান লাভ কর, পরহিতায় জীবনপাত কর এবং মানুষকে ভালবাস ।" স্বামীজী নিজের চোখে দেখেছেন মানুষের প্রতি এক জমাট বাঁধা ভালবাসা তাঁর গুরু শ্রীরামকৃষ্ণের মধ্যে । তাই বিবেকানন্দ, শুষ্ক তার্কিক ধার্মিক নেতা হননি, হয়েছেন হৃদিবান নিঃস্বার্থ প্রেমিক । মানবসাধারণের দুঃখে চোখের জল ফেলেছেন এই প্রেমিক সন্ন্যাসী । দেশের দুঃখ-দৈন্য-দুর্দশায় ঘুমোতে পারেন নি । মানুষের বেদনায় তাঁর মন করেছে ছটফট । বলতেন "যে যত দুর্বল তাকে তত সাহায্য কর ।"

ভগিনী নিবেদিতা বলেছিলেন, "যে মুহূর্তে আমি তাঁহার সহিত ভারতবর্ষে পদার্পণ করিলাম, সেই মুহূর্ত হইতে তাঁর মৃত্যুদিন পর্যন্ত আমি আমার গুরুদেবের মধ্যে এক অগ্নির নিরন্তর দহনজ্বালা লক্ষ্য করিয়াছি, সে কোন তত্ত্ব, কোন আধ্যাত্মিক উপাসনা বা উন্মাদনা নয়, দেশ ও জাতির দুর্দশা নিবারণের প্রাণান্ত প্রয়াস ও তাহার নিষ্ফলতার জন্য মর্মান্তিক যাতনা ভোগ ।"

স্বামীজীর শিষ্যা ভগিনী ক্রিষ্টিন বলেছেন, "তিনি যখন INDIA কথাটি উচ্চারণ করতেন, তার মধ্যে এত গর্ব, এত ভালবাসা, এত স্বপ্ন ফুটে উঠত যে সেও ভারতবর্ষকে ভালবেসে ফেলত ।" স্বামীজি নিজেই একবার নিজের সম্বন্ধে বলেছিলেন, "I am condensed India—ভারতবর্ষের ঘনীভূত রূপ । এক শোষণহীন, বঞ্চনাহীন ভারতবর্ষ চেয়েছিলেন স্বামীজী । স্বামীজী ভারতবর্ষকে ভালবাসতেন তার আদর্শের জন্য । তিনি বলতেন, "ভারত কি মরে যাবে ? তাহলে জগত থেকে সমস্ত আধ্যাত্মিকতা দূর হয়ে যাবে । সমস্ত নৈতিক মূল্যবোধ বিলুপ্ত হবে – তার জায়গায় দেবদেবী রূপে যৌথ রাজত্ব চালাবে কাম ও বিলাসিতা ।"

বিবেকানন্দের কথায়, "জাপানে শুনেছি সে দেশের বালিকাদের বিশ্বাস এই যে, যদি ক্রীড়াপুত্তলিকাকে হৃদয়ের সহিত ভালবাসা যায়, সে জীবিত হবে । আমারও বিশ্বাস যে, যদি কেহ এই হতশ্রী, বিগতভাগ্য, লুপ্তবুদ্ধি, পরপদ বিচলিত চির-বুভুক্ষিত কলহশীল ও পরশ্রীকাতর প্রাণের সহিত ভালবাসে, তবে ভারত আবার জাগবে । যবে শত শত মহাপ্রাণ নরনারী সকল বিলাস সকল ভোগসুখেচ্ছা বিসর্জন করে কায়মনোবাক্যে দারিদ্র, মূর্খতার ঘূর্ণাবর্তে ক্রমশ উত্তরোত্তর নিমজ্জনকারী কোটি কোটি স্বদেশীয় নরনারীর কল্যাণ কামনা করবে, তখন ভারত জাগবে । --- সদুদ্দেশ্য, অকপটতা ও অনন্ত প্রেম বিশ্ববিজয় করতে সক্ষম, উক্ত গুণশীল একজন কোটি কোটি কপট ও নিষ্ঠুরের দুর্বুদ্ধির নাশ করতে সক্ষম ।"

জানুয়ারী ১৯৬৩ সাল । সারা ভারত জুড়ে পালিত হচ্ছে স্বামীজীর জন্মশতবার্ষিকী । তৎকালীন ভারতের রাষ্ট্রপতি ডঃ সর্বপল্লী রাধাকৃষ্ণান কলকাতায় এসেছিলেন । শতবার্ষিকী বক্তৃতা প্রসঙ্গে বলেছিলেন, "আজ আমরা এক মহা সংকটের সম্মুখীন । সমাজের মূল্যবোধ বিকৃত, জীবনের নৈতিক মান অবনমিত । সর্বগ্রাসী নৈরাশ্যবাদ ও সর্বজনীন উন্মত্ততায় আমরা আক্রান্ত, হতাশায় উদ্‌ভ্রান্ত, পরাজয়ে আমরা অধঃপতিত । কিন্তু মানুষের আত্মার প্রতি এই অবিশ্বাস হল মানুষের মর্যাদার প্রতি ঘৃণ্য বিশ্বাঘাতকতা । যদি বিবেকানন্দের কোন বাণী আমাদের স্মরণ করতে হয় তাহা হইল আমাদের আত্মিক মহিমার প্রতি নির্ভরতার আহ্বান, মানুষের মধ্যে অনন্ত আধ্যাত্মিক সম্ভাবনা নিহিত আছে । মানুষের আত্মাই সর্বোচ্চ, মানুষ অদ্বিতীয়, অপূর্ব – শুধু আমাদের আশা রাখিতে হবে । বিবেকানন্দ আমাদের যন্ত্রণার মধ্যে আশ্রয় দিয়েছেন, দুঃখের মধ্যে দিয়েছেন আশা, নৈরাশ্যের মধ্যে সাহস ।"

স্বদেশের কল্যাণ – বিবেকানন্দের চিন্তার মধ্যে ধরা পড়েছে সর্বাধিক । "ভারত আবার উঠবে, জড়ের শক্তিতে নয়, চৈতন্যের শক্তিতে । বিনাশের বিজয়পতাকা নিয়ে নয়, শান্তি ও প্রেমের পতাকা নিয়ে সন্ন্যাসীর গৈরিক বেশ সহায়ে ।"

বিবেকানন্দ আমাদের ভয়শূন্য হতে বলেছেন । সামাজিক, সাংস্কৃতিক সত্তার বিকাশ চেয়েছেন । আধুনিক বিবেকানন্দ মনুষ্যজাতিকে এক নূতন ধর্মচেতনা দিয়ে গেলেন সে ধর্ম সব মানুষকে নিয়ে এক মানব জাতির ধর্ম, মানব সর্বস্বতার ধর্ম । এই হল দরিদ্র ভারতবর্ষের একটি বড় ঐশ্বর্য । তিনি ভেবেছেন পৃথিবীর মানুষের দুঃখের কথা । চেয়েছেন মানুষ গ্লানিমুক্ত হোক । বলেছেন নীচজাতি, মূর্খ, দরিদ্র, অজ্ঞ, মুচি মেথরের জীবন পূর্ণ অধিকারে ফিরে আসুক ।

ইউরোপ ও আমেরিকার নারী সমাজ তাঁকে মুগ্ধ করেছে । নারী সেখানে পুরুষের সাথে সমান অধিকার অর্জন করেছে । এই নারীকে তিনি ভারতবর্ষে দেখতে চেয়েছেন । পাশ্চাত্যের মানুষ ক্ষমতা ও টাকার কাছে পরাজিত । সেখানে মানুষ অর্থনৈতিক প্রতিযোগিতার শিকার হয়েছে । কিন্তু বিবেকানন্দের কাছে মানুষ প্রধান । প্রতিষ্ঠান গৌণ । যন্ত্র যতই ভাল হোক সে যন্ত্র । মানুষ মানুষের যন্ত্র নয় । মানুষ নিজে চর্চা করে, কষ্ট করে – দুঃখ পেয়ে মানুষ বড় হয় । এই বড় মানুষ তৈরির সাধনাই সন্ন্যাসী বিবেকানন্দের একমাত্র সাধনা ।

শিকাগোর বিশ্বধর্ম মহাসভায় দাঁড়িয়ে স্বামীজী তাঁর হিন্দুধর্ম বিষয়ক ভাষণে বিশ্বমানবকে শোনালেন নূতন কথা । বললেন, "মর্ত্য ভূমির দেবতা তোমরা ! তোমরা পাপী ? মানুষকে পাপী বলাই মহাপাপ ।" Ernest Hawking (প্রখ্যাত দার্শনিক) তাঁর আত্মকথায় লিখেছেন, "বিবেকানন্দ যখন বললেন "মানুষকে পাপী বলাই মহাপাপ, তখন সমস্ত শ্রোতা যেন বজ্রাহত হয়ে গেল । এইরূপ অপূর্ব, অসম্ভব কথা তাঁরা কখনো শোনেন নি । বস্তুত বিবেকানন্দ সেদিন মানুষকে শুনিয়েছিলেন নূতন আশা ও আশ্বাসের বাণী । জাগিয়ে তুলেছিলেন মানুষের অন্তর্নিহিত দেবত্বকে ।

ধর্ম মহাসভার শেষ দিনে (২৭শে সেপ্টেম্বর) স্বামীজী মন্ত্রমুগ্ধ বিশ্বহৃদয়কে শোনালেন এক নূতন জীবন সত্য । ঘোষণা করলেন ধর্মান্ধতার ও ধর্ম-উন্মত্ততার বিরুদ্ধে এক প্রকাশ্য জেহাদ । বললেন, "আমি কি ইচ্ছে করি যে খ্রীষ্টান হিন্দু হোক । ঈশ্বর না করুন । আমার কি ইচ্ছে যে কোন হিন্দু বৌদ্ধ বা খ্রীষ্টান হোক । ভগবান যেন তা না করেন ।" তিনি ঘোষণা করলেন ধর্মান্তরিতকরনের মাধ্যমে বিশ্ব কোন দিনও ধর্মীয় ঐক্য স্থাপনে পৌঁছাতে পারে না । বরং বিবাদ নয় – সহায়তা । বিনাশ নয় -- পরস্পরের ভাবগ্রহণ, মতবিরোধ নয় – সমন্বয় ও শান্তি। যথার্থই বলেছেন ---

"I am proud to belong to a religion which has taught the world both tolerance and universal acceptance. We believe not only in universal tolerance but we accept all religions are true."

তিনি অগ্নিময় ভাষায় তাই বলেছেন পরোপকারই ধর্ম, পরপীড়নই পাপ । শক্তি ও সাহসিকতাই ধর্ম, দুর্বলতা ও কাপুরুষতাই পাপ । ঘোষণা করলেন, "ক্ষুধার যাতনায় কোটি কোটি ভারতবাসী কাতর কণ্ঠে শুধু খাদ্য চায় । কিন্তু আমরা শুধু তাদের পাথরের টুকরো দিই । ক্ষুধার্ত মানুষকে ধর্মের বাণী দেওয়া তাকে অপমান করা । অনাহারীকে দর্শন শাস্ত্র শেখানো তাকে অসম্মান করা ।" খরা, বন্যা, মহামারী, অর্ধাহার-অনাহারে যন্ত্রণাকাতর ভারতের সর্বহারাদের স্মরণ রেখে বজ্রগম্ভীর কণ্ঠে বলে উঠলেন, "নূতন ভারত বেরুক লাঙল ধরে, চাষার কুটির ভেদ করে, জেলে মালা মুচি মেথরের ঝুপড়ির মধ্য হতে । বেরুক মুদির দোকান থেকে, ভুনাওয়ালার উনুনের পাশ থেকে, বেরুক কারখানা থেকে ।"

স্বামীজী বলেছেন, "নেতা হইতে যাইও না ।" তাঁর আহ্বান, "তুমি কর্মী হও, মানুষের জন্য নিঃস্বার্থভাবে কাজ করো এবং কখনো ভেবো না যে, মানুষের জন্য কিছু কাজ করে তুমি তাকে উদ্ধার করে দিয়েছ ।"

আমাদের সতর্ক করে বলেছেন,

"Our duty to others means helping others; doing good to the world, but really to help ourselves------ Do not stand on a high pedestal and take five cents in your hand and say, "Here, my poor man! but be grateful that the poor man is there, so that by making a gift to them, you are able to help yourself."

মানবতার প্রতি এই আকাশ ছোঁয়া শ্রদ্ধার জন্যেই বজ্রগর্জিত কণ্ঠে তাঁকে বলতে শোনা গেছে, "Never forget the glory of human nature !" We are the greatest God, Christ and Buddha are but waves of the boundless ocean, which I am".

মানুষের ওপর এত গভীর আস্থা ছিল বলেই তিনি বলতে পেরেছিলেন, "---man never progresses from error to truth, but from truth to truth, from lesser truth to higher truth".

স্বামীজীর ভালবাসা সর্বভূতে ব্রহ্মদর্শনের অনায়াস ফল । এইরূপ এক ঘটনার বর্ণনা দিয়েছেন জোসেফিন ম্যাকলাউড । একদিন স্বামীজী ও তাঁর সঙ্গীরা কায়রো শহরে পথ হারিয়েছেন । ঘুরতে ঘুরতে তাঁরা এসে হাজির হলেন এক ছোট এঁদো গলিতে যার আশেপাশের বাড়ির জানালা বা সিঁড়িতে অর্ধনগ্ন মহিলারা বসে অঙ্গভঙ্গি করছিলেন । স্বামীজীর চোখে এইসব কিছুই পড়েনি । হঠাৎ একদল প্রগল্‌ভ মহিলা তাঁকে ইঙ্গিত করে হাসতে লাগল । স্বামীজীর দলের জনৈক ব্যক্তি তাড়াতাড়ি স্বামীজীকে অন্যত্র নিয়ে যেতে চাইলেন । কিন্তু স্বামীজী ধীরে ধীরে দল থেকে সরে এসে বেঞ্চে বসা সেই প্রগল্‌ভ মহিলাদের দিকে এগিয়ে গেলেন । তারপর বললেন, "আহা বাছারা ! বেচারিরা তাদের দেবত্বকে সৌন্দর্য্যের কাছে সমর্পণ করেছে । এখন তাদের কী দুর্দ্দশা !" এই বলে কেঁদে ফেললেন । সেই প্রগল্‌ভ মহিলাদের দল নিশ্চুপ ও লজ্জিত । তাদের মধ্যে একজন সামনে ঝুঁকে বিবেকানন্দের পোশাকের প্রান্ত স্পর্শ করে চুম্বন করে ভাঙ্গা ভাঙ্গা স্প্যানিশে বলে উঠল, "ইনি ঈশ্বর প্রেরিত পুরুষ !"

আর একবার স্বামীজী তুরীয়ানন্দকে বলেছিলেন, "হরিভাই, আমি এখনও তোমাদের তথাকথিত ধর্মের কিছুই বুঝি না ।" বলতে বলতে স্বামীজীর মুখে গভীর বিষাদের ছায়া নেমে এসেছিল । নিজের বুকের ওপর হাত রেখে তিনি বললেন, "কিন্তু আমার হৃদয় খুব বেড়ে গেছে এবং আমি অপরের ব্যথায় বেদনা বোধ করতে শিখেছি । বিশ্বাস করো, আমার তীব্র দুঃখবোধ জেগেছে ।" স্বামীজীর কণ্ঠস্বর রুদ্ধ হয়ে এল, চোখ দিয়ে জল পড়তে লাগলো । তুরীয়ানন্দ স্তম্ভিত ।

একবার কেউ স্বামীজীর কাছে জানতে চেয়েছিল কন্যাকুমারীর শিলার উপর বসে ধ্যান করে তিনি কি পেয়েছিলেন ? উত্তরে সেই সুদূর আমেরিকা থেকে লিখেছিলেন, "ভারতবর্ষের শেষ পাথরের টুকরোর উপর বসে এই যে আমরা এত জন সন্ন্যাসী আছি, ঘুরে ঘুরে বেড়াচ্ছি, লোককে দর্শন শিক্ষা দিচ্ছি, -- এই সব পাগলামি । ---- আমাদের জাতটা নিজেদের বিশেষত্ব হারিয়ে ফেলেছে, তাই এত দুঃখ কষ্ট । সেই জাতীয় বিশেষত্বের বিকাশ যাতে হয়, তাই করতে হবে । নীচ জাতিকে উপরে তুলতে হবে ।"

জীবনের শেষ দিকে ১৯০২ সালে বেলুর মঠের আঙিনায় স্বামীজী সাঁওতাল মজুরদের নারায়নজ্ঞানে খাওয়ালেন যত্ন নিয়ে । তারপর এক শিষ্যকে বললেন, এদের দেখলুম যেন সাক্ষাৎ নারায়ণ । এমন সরল চিত্ত, এমন অকপট অকৃত্রিম ভালবাসা ---এমন আর দেখিনি । তারপর মঠের সন্ন্যাসীদের লক্ষ্য করে বলতে লাগলেন, "দেখ, এরা কেমন সরল ! এদের কিছু দুঃখ দুর্দশা দূর করতে পারবি ? নয়তো গেরুয়া পরে আর কি হল ? 'পরহিতায়' সর্বস্ব অর্পণ করার নামই হল সন্ন্যাস । ---- দেশের লোক দু বেলা দু মুঠো খেতে পায় না দেখে এক এক সময় মনে হয় ফেলে দিই তোর শাঁখ বাজানো, ঘন্টা নাড়া, ফেলে দিই তোর লেখাপড়া ও নিজে মুক্ত হবার চেষ্টা, সকলে মিলে গাঁয়ে গাঁয়ে চরিত্র ও সাধনাবলে বড়োলোকদের বুঝিয়ে কড়িপাতি যোগাড় করে নিয়ে আসি ও দরিদ্রনারায়নের সেবা করে জীবনটা কাটিয়ে দিই । ----- জীবে প্রেম করে যেই জন, সেই জন সেবিছে ঈশ্বর ।"

মানবপ্রেমিক, বৈদান্তিক স্বামীজীর সঙ্গে আমাদের সম্পর্ক এমনই এক আন্তরিকতার সূত্রে বাঁধা হয়ে গেছে যে তাঁর মহাপ্রয়াণের ১১১ বছর পরেও মনে হচ্ছে তিনি রয়েছেন – ছায়ার মতো সর্বত্র বিরাজমান । হ্যাঁ, তিনিই সেই খল্বিদং ব্রহ্ম, প্রভো, তত্বমসি ।

সারা বিশ্বজুড়ে স্বামীজীর জন্মসার্ধশতবর্ষের উদ্যোগ আয়োজন চলছে । গোটা পৃথিবীর এই সংকটময় পরিস্থিতিতে এবং দুর্বিষহ অবস্থা থেকে মানব সভ্যতাকে রক্ষা করতে স্বামীজীকে আজ আমাদের বড়ই প্রয়োজন, কারণ স্বামীজী যে বলেছেন, "What we want is (this) sraddha. Unfortunately, it has nearly vanished from India and this is why we are in present state. What makes the difference between man and man is the difference in sraddha and nothing else. What makes one great and aother weak and low is this sraddha". ■

ঋণ স্বীকার যাঁদের লেখা থেকে –

১) হোসেনুর রহমান

২) ডঃ বুদ্ধদেব বন্দ্যোপাধ্যায়

৩) স্বামী লোকেশ্বরানন্দ

৪) সাহিত্যিক শংকর

৫) শংকরী প্রসাদ বসু

৬) স্বামী চন্দ্রকান্তানন্দ

তোমাকেই চাই

- অসীম কুমার

নিজের অন্তর্দৃষ্টি দিয়ে ভারতের প্রতি জনজাতিকে বিশ্লেষণ করার প্রেক্ষিতে বিবেকানন্দ যে দীর্ঘ ভারত ভ্রমণ করেছিলেন, তা তিনি জনসমক্ষে উন্মীলিত ও লিপিবদ্ধ করে গেছেন । আজ থেকে একশো পনের বছর আগে যে ভাবে ভারতের জনমানব ও মননকে বুঝেছিলেন তা আজও একই ভাবে বিদ্যমান । তাই তাঁর বিভিন্ন বক্তৃতামালা পড়তে পড়তে মনে হয় তিনি সামনে থেকে বলে চলেছেন আর আমরা আত্মস্থ করার চেষ্টা করছি । সমাজ বিশ্লেষণ ও তার উত্থানের যে পদ্ধতি তিনি দেশের সামনে রেখেছিলেন, তেমনি ভাবে আজ অবধি কোন মহাপুরুষ বা যুগপুরুষ এত পরিপূর্ণভাবে ব্যক্ত করেন নি । তাই তিনি ও তাঁর বাণী একই ভাবে চিরন্তন হয়ে প্রতীক্ষিত হয়ে আছে প্রতিক্ষণে পালিত হবার জন্য । বিবেকানন্দ ভারতকে নিয়ে যেতে চেয়েছিলেন বিশ্বের দরবারে । তাকে উপযুক্ত করার জন্য বিদেশীদের থেকে সারবস্তু আহরণ করে উন্নীত করতে চেয়েছিলেন । রবীন্দ্রনাথও বিশ্বকে জানতে চেয়েছিলেন । তাঁর রাস্তা ছিল ভিন্ন । কাব্য, শিল্প ও সংস্কৃতির সমন্বয়ে তিনি ভারতকে সমৃদ্ধ করতে চেয়েছিলেন । সমগ্র বিশ্বকে অনুভব করেও এঁরা দুজনেই ভীষণ ভাবে ভারতীয় কিম্বা ভীষণ ভাবে বাঙালী । বিবেকানন্দ একেবারে ঘরের ভাষায় ঘরের মানুষকে শেখাতে চেয়েছিলেন বীজমন্ত্র । নিরন্তর পঠন ও বিশ্লেষণে যে ভাবনা তাঁর মনে এসেছে, সেটাই তুলে ধরেছেন সমাজের সামনে ।

মাত্র চারশো শ্রোতার সামনে মাদ্রাজে এক তাঁবুর মধ্যে তিনি যে বক্তব্য রেখেছিলেন, সেটাকে 'ভারত গীতা' নাম দিলে বোধহয় অত্যুক্তি হবে না । সেই গীতা অধ্যয়ন করে আজও প্রতিটি মানুষ উদ্দীপ্ত হতে পারে । কিন্তু সামগ্রিক ভাবে তাঁর প্রকাশ ও বিকাশ কিভাবে হবে ভারতের জনসমাজে, এ নিয়ে তাঁর সন্দেহ ছিলোই, তাই বারে বারে বলেছেন 'কার্য বিশাল ও দুরূহ সন্দেহ নেই, কিন্তু এই পথেই উত্তরণ – এগুতেই হবে ।'

শতাব্দী প্রাচীন ঐতিহ্য নিয়ে ভারতীয় মননে প্রোথিত রয়েছে ধর্মের বিভিন্নতা । সেটি যেমন একদিকে মহান উদারতার প্রতীক, তেমনি এক বিভাজিত সংস্কারের গোঁড়ামিও বটে । এক ধর্মকে কেন্দ্র করে একমুখী প্রচার ও বিকাশ হয়তো সম্ভব, কিন্তু সকল ধর্মের সমন্বয় যে দুরূহ ব্যাপার । ধর্মের গোঁড়ামি নিয়ে বেঁচে আছে মানুষ এই ভারতে । যত দিন গেছে ততই গুরুর সংখ্যা বেড়েছে যারা কেউই তেমন ভাবে সর্বভারতীয় বা বিশ্বজনীন হয়ে ওঠেনি । প্রতিটি ভাষায় একটি নিজস্ব ঢঙ এবং কৌতুক আছে । সেটি যখনই রপ্ত হয় তখনই সে ভাষা জনগণের সামনে রোচক ও মোহক হয় । বাংলা ভাষার কৌতুক অন্য ভাষায় সঞ্চারিত হবার উপায় নেই । বিবেকানন্দ সংস্কৃত থেকে চলিত ভাষা অবধি বিচরণ করে এক নিজস্ব ভাষায়, যে ভাষা কেবল মাত্র বাঙালীর আন্তরিক, সে ভাষায় ব্যক্ত করেছেন তাঁর অনেক রচনাশৈলী । তাই তিনি ও তাঁর লেখা যতটা বাঙালী ততটা ভারতীয় নয় । সেটা একটা ভাষার অন্তরায় বলেই তিনি আজ অবধি এত বিশাল ভাবে ভারতীয় হয়ে ওঠেন নি ।

আমার মনে হয় স্বামীজীর মধ্যে এমন অনেক দিক ছিল যাতে শিক্ষিত ছাড়াও সাধারণ মানুষও অতি সহজে আকৃষ্ট হতে পারতো । যেমন তাঁর গানের গলা, অসাধারণ জ্ঞান, বিশ্লেষণ ক্ষমতা, ভাষার দখল, বাগ্মিতা এবং সর্বোপরি গৈরিক বসন পরিহিত মাথায় সুচারু পাগড়ী বিশিষ্ট এক সুন্দর অবয়ব । কথায় বলে 'পহলে দর্শনধারী, পরে গুণবিচারী'—জনগণকে সম্মোহিত করার মতো এক প্রেজেন্টেবল ফর্ম । একজন ভাল বক্তাকে হাজার শ্রোতা মুগ্ধ হয়ে শোনে । গত একশো বছরে তেমন মানুষ তো আর একজনও এলো না । তিনি ধর্মীয় গুরু নন – মহাপুরুষ । তিনি একজন সমাজ সংস্কারক জ্ঞানী মানুষ যিনি সনাতন ধর্মের সাথে অন্য সব ধর্মের মূল অবধি পৌঁছতে পেরেছিলেন । সেগুলির মধ্যে থেকে কেবল মাত্র সার অংশগুলি বেছে নিয়ে ভারতীয় ভাষায় সাধারণ মানুষের কাছে পৌঁছে দিতে পেরেছিলেন ।

রামকৃষ্ণ দেবকে বিশ্লেষণ করা যায় না । তিনি যে ভাবে লোকশিক্ষা দিয়েছেন তা কোন পুঁথিগত বিদ্যা নয় । সমাজের মধ্যে থেকেও তাঁর উপলব্ধি জ্ঞানের চূড়ান্ত পর্যায়ে পৌঁছেছিল । সমানভাবে তিনি আধ্যাত্মিক জগতে আর জনজীবনে বিচরণ করতেন । মানুষের মঙ্গল কামনায় প্রতি মুহূর্তে তাঁর মুখ নিঃসৃত বাণী এক চিরন্তন রূপ পেয়েছে । স্বামীজী কিন্তু তেমনটি নন । তিনি এক পাঠক, এক ধার্মিক, এক তাত্ত্বিক, এক বিজ্ঞানী । বেদবেদান্ত উপনিষদ, গীতা, কাব্য মহাকাব্য অধ্যয়ন করে তার সারবত্তা তুলে এনেছেন মানুষের সামনে । গীতা তত্ত্বে যেমন বলেছেন, 'যুদ্ধের সময় এত জ্ঞান, ভক্তি আর যোগের কথা আসিল কোথা হইতে ? সেই সময় কি কোনও সাংকেতিক লিপিকুশল উপস্থিত ছিলেন যিনি সে সমস্ত টুকিয়া লইয়াছিলেন !' একদম খাঁটি কথা । এটি হোল মানুষের বোধ ও বুদ্ধির দ্বারা বিশ্লেষণ । ধর্মগ্রন্থকে অন্ধের মতো বিশ্বাস না করে বিশ্লেষণ করে সারবস্তু তুলে আনা ।

এবার তার বক্তব্যের স্বরূপের সঙ্গে বর্তমানকে মেলালে কেমন সমীকরণ তৈরি হয় তা একটু ভাবা যাক্ । তিনি কি আজও প্রাসঙ্গিক, তেমন সমানভাবে ভাস্বর ! তাঁর বক্তব্যকে প্রমাণ করা কিম্বা না প্রমাণ করার বিষয়ে অনেক যুক্তিতর্ক দাঁড় করানো যায় । কিন্তু যদি সারবস্তুকে আত্মস্থ করার প্রয়াস বা মনন থাকে, তবেই বুঝি তাঁকে মূল্যায়ন করা যায় ।

শ্রদ্ধাবান হও, বীর্যবান হও, পরহিতায় জীবনপাত কর । এই বীজমন্ত্র মানুষের মনে কিভাবে গ্রন্থিত হবে ? এই মন্ত্র কি এককভাবে মানুষের মনে ঢুকবে নাকি সামগ্রিকভাবে ঢোকাতে হবে ? 'কলকাতা অভিনন্দনের উত্তর' প্রসঙ্গে তিনি ইংরেজ জাতির প্রশংসা করেছেন । বলেছেন ইংরেজ বীরের জাতি, এদের মস্তিষ্ক স্থূল, কিন্তু একবার ঢুকিয়ে দিলে তা তারা করেই ফেলে । ইংরেজ হৃদয়ের মূল উৎস কোথায় কে জানে । তাদের শিক্ষাই ভাব গোপন করা । বাল্যকাল হইতে এই শিক্ষাই তারা পেয়ে থাকে । সুতরাং বাল্যকাল থেকে যদি কোন শিক্ষা মনের মধ্যে লালিত হয় তবেই তা পরবর্তী জীবনে প্রতিফলিত হয় । ইংরেজ একে একে অনেক দেশকে জয় করলেও বিদ্যা, বুদ্ধি, জ্ঞান, সংস্কার ও শিক্ষা দিতে কোন কার্পণ্য করেনি । যে দেশে গেছে সেখানেই শিক্ষা ও জ্ঞানের আলো জ্বালিয়েছে । যেহেতু তারা বাল্যকাল থেকে একটা সিস্টেমের মধ্যে লালিত হয়েছে তাই তার প্রতি সারা জীবন শ্রদ্ধাবান হতে পেরেছে । আমাদের দেশে তেমন কোন দেশগত শিক্ষা পদ্ধতি বা চরিত্র গঠন পদ্ধতি তৈরি হয় নি । আমরা ভিন্ন ভিন্ন ভাবে এদেশের মধ্যে রয়েছি । কখনও জাতিগত, কখনও ধর্মগত, কখনও ভাষাগত বিভাজনে আমরা নিজেদের গন্ডিবদ্ধ রেখেছি । তাই এক জাতি, এক প্রাণ, এক ধর্ম কোনোদিন হয় নি আর হবেও না, এবং ভাষার অন্তরায় থাকার জন্য বিবেকানন্দর আহৃত জ্ঞান বা শিক্ষা বাঙালীর মনে স্থায়ী আসন করলেও সর্বভারতীয় হয়ে উঠতে পারেনি । এখানে আমাদের কর্তব্য কি ? যদি স্বামীজীকে বিজ্ঞানী ও সমাজ সংস্কারক বলে মানি তবে তাঁর দর্শিত কোন্ পথে গেলে এক মানবিক উত্তরণ হবে ?

গত একশো বছরে সমাজ তার নিজস্ব পথ ধরে পরিবর্তিত হয়েছে । বিভিন্ন রাজনৈতিক উত্থান পতনের ফলস্বরূপ এই আমাদের বর্তমান ভারত । হিন্দুধর্ম সংজ্ঞাহীন, বল্গাহীন, নানান প্রান্তিক গুরুর স্বায়ত্তশাসনে দিগ্‌ভ্রান্ত । মুসলমান ধর্ম সীমাবদ্ধ – অন্য জাতির প্রবেশ নিষেধ, মূল্যায়ন নিষেধ এবং পরিমার্জন বহু দূরের কথা । খ্রীষ্টধর্মও অতি শান্ত অথচ কট্টরভাবে নিজেতে মশগুল । তাদের আবাহনও নেই আর বিসর্জনও নেই । তবে কি মূল্যবোধ হারিয়ে গেছে ? আসলে মূল্যবোধটাই মনুষত্ববোধ । সেটা তো সকল দেশের মানুষের মধ্যেই বিদ্যমান । হয়তো তার সংখ্যা কমে আসছে । যদিও আমি মনে করি যে কোন সিস্টেমে কুড়ি থেকে পঁচিশ শতাংশ মানুষ সঠিক পথের অনুগামী হলে সমাজ বা সিস্টেম টিঁকে যায়, এই কুড়ি পঁচিশ শতাংশের সমতুল সব সময়ই সমাজে বিদ্যমান । এই কুড়ি শতাংশকে ওপরের দিকে তুলতে পারলেই একটা দিকদর্শনের আভাষ পাওয়া যায় । ঠিক এখানেই বিবেকানন্দ ভীষণভাবে প্রয়োজন। সে সমাজের প্রতি ক্ষেত্রেই প্রবলভাবে সত্য । স্বামীজীকে কেন্দ্র করে একটা নিরন্তর প্রচারের প্রয়োজন রয়েছে এ ভারতীয় জনমানসে । স্বামীজীর সৃষ্ট রামকৃষ্ণ মিশন সে পথে চলেছে যুগ যুগ ধরে । তবে শিক্ষার সঙ্গে সঙ্গে চরিত্র গঠনের উদ্দেশ্যে স্বামীজীর বাণী ও রচনা যে সকল ছাত্রের মধ্যে কিঞ্চিত প্রক্ষিপ্ত করা উচিত, সেখানে বুঝি কিছুটা খামতি রয়ে যাচ্ছে প্রতিনিয়ত । "মন্দিরের সঙ্গে শিক্ষক ও প্রচারক গঠন করিবার জন্য একটি শিক্ষাকেন্দ্র থাকিবে । এখান হইতে যে সকল শিক্ষক শিক্ষিত হইবেন, তাঁহারা সর্বসাধারণকে ধর্ম ও লৌকিক বিদ্যাশিক্ষা দিবেন"---(ভারত ভবিষ্যত) । সুতরাং প্রতি শিক্ষা প্রতিষ্ঠানে যে পরিমাণে শিক্ষকের প্রয়োজন, তা বোধহয় কোনও কালে পাওয়ার সম্ভাবনা নেই । পদার্থবিদ্যা আর রসায়নের পাশে দশ পাতা ভারত ভবিষ্যত পঠনে যে লাভ বৈ ক্ষতি নেই, সেটি ভাববার একান্ত প্রয়োজন আছে । দেশকে উজ্জীবনের জন্য স্বামীজী যুব সম্প্রদায়কে ডাক দিয়েছিলেন, কারণ সমাজের প্রতিটি অন্যায় বা কুসংস্কারের প্রতি যুব সম্প্রদায়ই প্রথম প্রশ্ন তোলে ।

সমাধানের প্রশ্নে তারাই ঝাঁপিয়ে পড়ে । সে যুব সম্প্রদায় এখনও রয়েছে তেমনি সজীব । প্রয়োজন শুধু জ্ঞানের খানিক আলো তাদের মনে ঢুকিয়ে দেবার । সে জ্ঞান দেশ বিষয়ক, সমাজ বিষয়ক, শিক্ষা বিষয়ক আর পরহিত বিষয়ক । আর তার জন্য দিকদর্শন দেবে স্বামীজীর বাণী ও রচনা ।

ধর্মের একটা নিজস্ব নেশা আছে । গুরুর সামনে হাত জোড় করে নিজেকে সমর্পণ করার মধ্যেও একটা মাদকতা আছে, আর সেটিকেই মূলধন করে, গুরুকে কেন্দ্র করে রাজত্ব করে স্তাবকবৃন্দ আর ধুরন্ধররা । ধর্মের নামে মানুষ এখানে অকাতরে দান করে । কিছু কিছু মন্দির সম্প্রদায়ের বৈভব দেখলে বিস্মিত হতে হয় । উদ্দেশ্যবিহীনভাবেই তিরুপতি মন্দিরের কোষাগার ফুলতে থাকে । মুম্বাইয়ের গণপতি দর্শনে দশ কোটি টাকারও ওপরে সংগ্রহ হয় । গণপতির মূর্তি দেখার জন্য ঘন্টার পর ঘন্টা মানুষ লাইন দেয় । শবরীমালার মন্দিরে শত শত দর্শনার্থী ভিড়ের চাপে মরে । কুম্ভমেলায়, বৈষ্ণোদেবী দেখার রাস্তায় শত শত দর্শনার্থী মরে । কি বিশাল আকুলতা ! এসব জন্ম থেকে মানুষের মনে প্রক্ষিপ্ত তার পরিবার দ্বারা । পুঁথিগত বিদ্যার কোন সাধ্য নেই এসব থেকে মানব মনকে সুস্থ চিন্তার পথে ফিরিয়ে আনার । রাজনীতির প্রসঙ্গ নাই বা টানলাম, কারণ সেখানে যে যত বড় পাপী, ক্রিমিনাল, সে তত বড় নেতা ।

তবুও কারগিল যুদ্ধে সারা দেশে ভেরী বাজে । মনে আর প্রাণে তৈরি হয় দৃঢ় চেতনা । মুম্বাইয়ের তুমুল বন্যায় হাজার হাজার মানুষ সাহায্যের হাত বাড়িয়ে দেয় । কচ্ছের ভূকম্পে হাজার ট্রাক ত্রাণসামগ্রী নিয়ে দাঁড়িয়ে থাকে । সন্ত্রাসবাদীদের মোকাবিলায় জনগণ উত্তাল হয় । নারী নিগ্রহের বিরুদ্ধে মানুষ রাস্তায় নামে । সুতরাং প্রতিটি চেতনা, মূল্যবোধ আর মানবতা হারিয়ে যায় নি সমাজ থেকে ।

কে নিয়ে যাবে আবার বিবেকানন্দকে এ সমস্ত জনগণের মধ্যে ? তাদের বোধগুলিকে এক নির্দ্দেশিত পথে পরিচালন করতে ?

এ দায়িত্ব রামকৃষ্ণ মিশন থেকে শিক্ষাপ্রাপ্ত প্রতিটি নাগরিকের । এই আমার বক্তব্যের শেষ ও সার কথা । সাধুরা প্রদর্শক, আমরা ধারক ও বাহক । জনমানস এখনও উন্মুখ পরহিতের মাধ্যমে নিজেকে উজ্জ্বল করতে, দানের মাধ্যমে নিজেকে মহীয়ান করতে, ত্রাণের মাধ্যমে নিজেকে সমাজের অঙ্গীভূত করতে, পারিবারিক ও পারিপার্শ্বিক উন্নতির মাধ্যমে নিজেদের ভারতীয় করতে । ■

What was The Greatest Speech?

Intelligent Life, a bi-monthly lifestyle and culture magazine from The Economist, in it's section "Big Question" for the month of July/ August 2013 issue considers the art of oratory, and asks, what was the greatest speech? Six writers

chose a speech, and over the next two weeks the magazine published their views online. The Magazine conduced a poll and the voting results are as below:

More than half the (54%) votes went to **Swami Vivekananda**, a young 30 year old Hindu monk whose speech about tolerance and universal acceptance at the first World's Parliament of Religion in 1893 resonated with the writer Mark Tully. Abraham Lincoln's succinct three-minute Gettysburg address was James Harding's choice—and 17% of readers agreed. Tina Brown's nomination was Hillary Clinton's speech about women's rights in Beijing in 1995. She got a standing ovation on the day, and 7% of your votes. Pericles's funeral oration, from 431BC, "still sounds radical 2,500 years later," said Natalie Haynes. A handful of readers (6%) agreed. Gillian Slovo went for Nelson Mandela's words from the dock in 1964 (5%) and Johnny Grimond for Thomas Babington Macaulay'ssupport of Jewish rights in 1833 (3%).

Mark Tully* argues that it was Swami Vivekananda's first-ever public speech, delivered in Chicago, 1893. Swami Vivekananda, who had never been outside India before, nor spoken in public, was such a hit at the Parliament that he was asked to speak six times. He said. "We believe not only in universal toleration but we accept all religions as true." The New York Herald said, "Vivekananda is undoubtedly the greatest figure in the Parliament of Religions."

He was relevant then and is relevant today for his constant affirmation that all religions are paths to God, and his call for tolerance. He ended his first speech by saying, "I fervently hope that the bell that tolled this morning in honor of this convention may be the death-knell of all fanaticism, of all persecutions with the sword or with the pen, and of all uncharitable feelings between persons wending their way to the same goal."

Vivekananda's speeches at the Parliament resonate today for the many who claim to be spiritual but not religious, who reject religion based on faith and seek experience of God. He said, "The Hindu religion does not consist in struggles and attempts to believe a certain doctrine or dogma, but in realizing—not in believing but in being and becoming."

*Mark Tully was the BBC's bureau chief in India for 22 years.

Reference:

IntelligentLife website:
http://moreintelligentlife.com/page/which-best-speech
http://moreintelligentlife.com/blog/georgiagrimond/greatest-speech-was
http://moreintelligentlife.com/content/ideas/anonymous/vivekananda

হিমালয়ের প্রেক্ষাপটে দুই মহামানব –

- ভাস্বতী ঘোষ সেনগুপ্ত

পৃথিবী তথা বিশ্বের ইতিহাসে কালজয়ী, বিশ্বজয়ী,আন্তর্জাতিক মানবিকতা ও প্রকৃত মানুষ হিসেবে যে মহামানবেরা জন্মগ্রহণ করেছেন তাঁদের মধ্যে দুই মহামানবকে হিমালয়ের পটভূমিতে দেখার চেষ্টা করব –তাঁরা উভয়েই তাঁদের আপন কর্মক্ষেত্রে ও চরিত্রগুণে হিমালয়েরই সমতুল্য অথবা হিমালয়ের থেকেও উচ্চ এবং উভয়েরই বিশালত্ব, গভীরতা, মানবিক উচ্চতা, ও ব্যাপ্তি হিমালয়ের কথা স্মরণ করিয়ে দেয় । দুজনের জীবনে হিমালয় এক বিশেষ স্থান অর্জন করেছে । বার বার নানা কথায়, লেখায়, ভাষণে হিমালয় ফিরে এসেছে – কি অসীম আকর্ষণ শক্তি ও বিশেষত্ব এই হিমালয়ের তা এই দুজনেরই লেখার মধ্যে দিয়ে দেখা যায়। হিমালয় স্বামী বিবেকানন্দের 'নিজ নিকেতন' । স্বামী বিবেকানন্দের পরিব্রাজক জীবনপর্বকে যদি একবার ফিরে দেখি ও ১৮৯৮ খ্রিষ্টাব্দে পৌছাই; সেখানে দেখব ভারত আত্মার বিগ্রহ স্বামী বিবেকানন্দ ভারতীয় জীবনে হিমালয়ের ভূমিকা কি তা বর্ণনা করেছিলেন তাঁর সমস্ত অভিজ্ঞতার আবেগ নিয়ে । আলমোড়ায় অভিনন্দনের উত্তরে তিনি বলেছিলেন –

"আমাদের পূর্বপুরুষগণ শয়নে, স্বপনে যে ভূমির বিষয়ে ধ্যান করিতেন – এই সে ভূমি – ভারতজননী পার্বতীদেবীর জন্মভূমি । এই সেই পবিত্রভূমি, যেখানে ভারতের প্রত্যেক যথার্থ সত্যপিপাসু আত্মা শেষ অবস্থায় আসিয়া জীবনের যবনিকাপাতে অভিলাষী হয় ।"

"এই পবিত্র ভূমির গিরিশিখরে, এর গভীর গহ্বরে, এর দ্রুতগামিনী স্রোতস্বতীসকলের তীরে, সেই অপূর্ব তত্ত্বরাশির চিন্তা করা হইয়াছিল যার কণামাত্রের প্রকাশও বৈদেশিকগণের নিকট হইতে বিপুল শ্রদ্ধা আকর্ষণ করিয়াছে । .....এই হিমালয় পর্বত বৈরাগ্য ও ত্যাগের সাকার মূর্তিরূপে দণ্ডায়মান । এই ত্যাগ ও বৈরাগ্য হইতে উচ্চতর ও মহত্তর কিছু মানবজাতিকে শিক্ষা দিবার নাই ।"

"এই হিমালয়ের সহিত আমাদের জাতীর শ্রেষ্ঠতম স্মৃতিসমূহ জড়িত । যদি ভারতের ধর্মেতিহাস হইতে হিমালয় বাদ দেওয়া হয়, তবে উহার অতি অল্পই অবশিষ্ট থাকিবে ।"

স্বামীজী নিজের সুন্দরতম মৃত্যুকামনা করেছিলেন হিমালয়ের ক্রোড়েই – "এই সেই ভূমি – অতি বাল্যকাল হইতে আমি যেখানে বাস করিবার কল্পনা করিয়াছি । আমার প্রাণের বাসনা, এই ঋষিগণের প্রাচীন নিবাসভূমি, দর্শনশাস্ত্রের জন্মভূমি – এই পর্বতরাজের ক্রোড়ে আমার জীবনের শেষ কয়টি দিন কাটাইব ।"

হিমালয় থেকে কন্যাকুমারিকা পর্যন্ত গোটা ভারতবর্ষ বিবেকানন্দের । পরিব্রাজক জীবনে স্বামীজী ধর্ম–ভারতকে দেখেছেন – সাধারণ এবং অসাধারণ, সকল মানুষের মধ্যে । ত্রৈলঙ্গস্বামী, স্বামী ভাস্করানন্দ, পওহারী বাবাকে দেখেছেন, অল্পদিন পূর্বে লোকান্তরিত রঘুনাথ দাশের আশ্রমে গিয়ে ওঁর অপূর্ব জীবনকথা শুনে মোহিত হয়েছেন, দেখেছেন এক মুসলমান সাধুকে, "যার অঙ্গের প্রতিটি রেখা বলে দিচ্ছিল তিনি একজন পরমহংস ।" জেনেছেন যে কোনো মানুষের পতন তাঁর সম্বন্ধে শেষকথা বলে না । পওহারী বাবার বাড়িতে চুরি করতে গিয়েছিল একটি চোর, পওহারী বাবা জেগে উঠতে সে তখন জিনিসগুলি ফেলে পালাচ্ছিল, তখন দৌড়ে গিয়ে তাকে ধরে ফেলে ঐ জিনিষগুলি তাকে প্রীতিভরে অর্পণ করেন উক্ত মহাপুরুষ ; স্বামীজী পরিবর্তিত মানুষটিকে হিমালয়ে দেখেন – " অনুভূতির অতি উর্ধস্তরে সেই সাধু অবস্থিত, " আর স্বামীজীর মন কেড়েছিল হৃষীকেশের পাগল দিগম্বর সাধুটি । সেই পাগল সাধু ছিলেন ছেলেদের কাছে মজার খেলার জিনিষ ;

যাকে ঢিল ছুঁড়ে রক্তাক্ত করে দেওয়া যায় কিন্তু তাঁর হাসি থামানো যায় না । স্বামীজী যখন তাঁকে ছেলেদের হাত থেকে বাঁচিয়ে শুশ্রূষা করেছিলেন তখনো তিনি হাসিতে লুটোপুটি – " কেয়া মজাদার খেল হ্যায়, বিলকুল বাবা কে খেল । কেয়া আনন্দ ।" এই পর্বেই স্বামীজী জেনেছিলেন সেই সাধুর বিষয়ে; যাকে আক্রমণ করে বাঘ যখন মুখে করে নিয়ে যাচ্ছিল তখনো বলেছিলেন; " শিবোহহম, শিবোহহম ।" স্বামীজী লিখেছেন " আমি হৃষীকেশের জঙ্গলে সন্ন্যাসিবেশধারী ত্যাগী মেথরদিগকে বেদান্ত পাঠ করিতে দেখিয়াছি । অনেক গর্বিত অভিজাত ব্যক্তিও তাঁহাদের পদতলে বসিয়া আনন্দের সহিত উপদেশ পাইতে পারেন ।"

আলমোড়ার নিকটবর্তী কাঁকড়িঘাটে উচ্চ উপলব্ধির পরে তিনি যে ভাষায় তার রূপ প্রকাশ করেছেন তাকে বিশুদ্ধ অদ্বৈত অনুভূতি (যার রূপ স্বামীজীর বিখ্যাত গানে পাই – নাহি সূর্য, নাহি জ্যোতি, নাহি শশাঙ্কসুন্দর ইত্যাদি) বলা যাবে কিনা তা তাত্বিকরা ঠিক করবেন, বিশ্বাত্মার এই বিবিধ প্রকাশ অনাদি –বিশিষ্টাদ্বৈত বলেই মনে হয় । অর্থাৎ আমরা যাহা কিছু দেখি বা অনুভব করি সবই সাকার ও নিরাকারের মিলনে সংগঠিত । আলমোড়া শহর থেকে পাঁচ মাইল দূরে কাঁসারদেবী পাহাড়ের গুহায় উচ্চ উপলব্ধি ও পরবর্তী বাধ্যতামূলক অবতরণের কাহিনী এখানে স্মর্তব্য – " এই গুহামধ্যে তিনি দিবারাত্র কঠোর কৃচ্ছ্রসাধনা করলেন – তাঁর দৃঢ়প্রতিজ্ঞা, সত্যলাভ করতেই হবে । সেই গভীর নৈঃশব্দ্যের মধ্যে সেখানে তাঁর ধ্যানভঙ্গ ঘটানোর মতো কেউ-ই ছিল না – বোধিলাভের পথে তিনি ক্রমান্বয়ে নানা উপলব্ধি লাভ করলেন – এবং দিব্যাগ্নিতে জ্যোতির্ময় হয়ে উঠল তাঁর আনন । তারপর আধ্যাত্মিক উপলব্ধির চরম শিখরে যখন তিনি উপনীত, তখনই তাঁর পরম বাঞ্ছিত ব্যক্তিমুক্তির চির-আনন্দের পরিবর্তে কাজের জন্য প্রচন্ড প্রেরণাবোধ করলেন, তা যেন সজোরে তাঁকে ঐ সাধনভূমি থেকে টেনে বার করে আনল ।" (স্বামীজীর বিখ্যাত ইংরেজী জীবনীর প্রথম সংস্করণে লিখিত) এই হোল স্বামীজীর চূড়ান্ত উপলব্ধির এক সাধনপীঠ – হিমালয়ের গিরিগুহা ও অন্যটি কন্যাকুমারিকায় ভারতসমুদ্রের শিলাখন্ড – একটির ধ্যানলব্ধ উপলব্ধি বিবেকানন্দকে রামকৃষ্ণ–বার্তাবহ সুমহান ধর্মাচার করেছে, অন্যটি করেছে সমাজবিপ্লবী ও সমাজসংস্কারক ।

এবার আসি কবিগুরুর/বিশ্বকবির হিমালয় পর্যায়ে । 'জীবনস্মৃতি'তে কবি

লিখেছেন – "চৈত্রমাসের শেষে ডালহৌসি পাহাড়ে যাত্রা করা গেল । অমৃতসরে মাস আর কাটিতেছিল না । হিমালয়ের আহ্বান আমাকে অস্থির করিয়া তুলিতেছিল " ...

এই হিমালয়ের অধিত্যকায় তাঁর ভ্রামণিক জীবনের প্রথম পরিব্রাজন, যখন লাঠি হাতে সেখানকার বনানীতে প্রবেশ করে মনে হয়েছিল "বনস্পতিগুলা প্রকান্ড দৈত্যের মতো মস্ত মস্ত ছায়া লইয়া দাঁড়াইয়া আছে; তাহাদের কত শত বৎসরের বিপুল প্রাণ । কিন্তু, এই সেদিনকার অতি ক্ষুদ্র একটি মানুষের শিশু অসংকোচে তাহাদের গা ঘেঁষিয়া ঘুরিয়া বেড়াইতেছে । তাহারা একটি কথাও বলিতে পারে না, বনের ছায়ার মধ্যে প্রবেশ করিবামাত্র যেন তাহার একটি বিশেষ স্পর্শ পাইতাম । যেন সরীসৃপের গাত্রের মতো একটি ঘন শীতলতা এবং বনতলের শুষ্ক পত্ররাশির উপরে ছায়া-আলোকের পর্যায় যেন প্রকান্ড একটা আদিম সরীসৃপের গাত্রের বিচিত্র রেখাবলী" .....

"বক্রোটায় আমাদের বাসা একটি পাহাড়ের সর্বোচ্চ চূড়ায় ছিল, যদিও তখন বৈশাখ মাস, কিন্তু শীত অত্যন্ত প্রবল । এমন কি পথের যে অংশে রৌদ্র পড়িত না সেখানে তখনো বরফ গলে নাই । এখানেও কোনো বিপদ আশঙ্কা করিয়া আপন ইচ্ছায় পাহাড়ে ভ্রমণ করিতে পিতা একদিনও আমাকে বাধা দেন নাই ।"

"আমার শোবার ঘর ছিল একটা প্রান্তের ঘর । রাত্রে বিছানায় শুইয়া কাঁচের জানালার ভিতর দিয়া নক্ষত্রলোকের অস্পষ্টতায় পর্বতচূড়ার পান্ডুরবর্ণ তুষারদীপ্তি দেখিতে পাইতাম । এক একদিন জানিনা কত রাত্রে, দেখিতাম পিতা গায়ে একখানি লাল শাল পরিয়া হাতে একটি মোমবাতির সেজ লইয়া নিঃশব্দ সঞ্চরনে চলিয়াছেন । কাঁচের আবরণে ঘেরা বাহিরের বারান্দায় বসিয়া উপাসনা করিতে যাইতেছেন ।"

"তাহার পর আর এক ঘুমের পড়ে হঠাৎ দেখিতাম পিতা আমাকে ঠেলিয়া জাগাইয়া দিতেছেন । তখনো রাত্রির অন্ধকার সম্পূর্ন দূর হয় নাই । শীতের কম্বলরাশির তপ্ত বেষ্টন হইতে বড়ো দুঃখের এই উদবোধন ।"

প্রসঙ্গতঃ এখানে মনে রাখা প্রয়োজন মহর্ষি দেবেন্দ্রনাথ তাঁর শিশুপুত্রকে হিমালয়ের কোলে বেদ ও উপনিষদের পাঠে দীক্ষিত করেছেন মাত্র এগার বছর বয়সে ।"

"সূর্যোদয় কালে যখন পিতৃদেব তাঁহার প্রভাতের উপাসনা অন্তে এক বাটি দুধ খাওয়া শেষ করিতেন, তখন আমাকে পাশে লইয়া দাঁড়াইয়া উপনিষদের মন্ত্রপাঠ দ্বারা আর একবার উপাসনা করিতেন ।"

ডালহৌসির পাহাড়ে মহর্ষির সঙ্গে আকাশের গ্রহ নক্ষত্র দেখতে দেখতে বিশ্বব্রহ্মান্ডের বিচিত্ররূপ কাঁচা বয়েসেই কবির চেতনাকে নাড়া দিয়েছিল । বিজ্ঞানচেতনার চাপা উত্তেজনা ভাষা পেল বালক রবীন্দ্রনাথের জীবনের প্রথম প্রবন্ধে – বিষয় 'তারামন্ডলী এবং মহাকাশ ।' তাঁর নিজের ভাষায় –" সন্ধ্যা হইয়া আসিলে পর্বতের স্বচ্ছ আকাশে তারাগুলি আশ্চর্য সুস্পষ্ট হইয়া উঠিত এবং পিতা আমাকে গ্রহতারকা চিনাইয়া দিয়া জ্যোতিষ্ক সম্বন্ধে আলোচনা করিতেন ।" শুরু হল সাহিত্যের সঙ্গে সঙ্গে বিজ্ঞানের এক বিচিত্র অভিজ্ঞান ।

তার চেয়েও রোমাঞ্চকর আত্ম-আস্বাদন ঘটে, যখন অমৃতসরের সন্ধ্যাকালে শান্ত বাগানের সামনের বারান্দায় ধ্যানস্থ পিতাকে তাঁর গান শোনাবার ডাক পড়ত । কবির কথায় – "যখন সন্ধ্যা হইয়া আসিত পিতা বাগানের সম্মুখে বারান্দায় আসিয়া বসিতেন । তখন তাঁহাকে ব্রহ্মসগীত শোনাইবার জন্য আমার ডাক পড়িত । চাঁদ উঠিয়াছে, গাছের ছায়ার ভিতর দিয়া জ্যোৎস্নার আলো বারান্দার উপর আসিয়া পড়িয়াছে। আমি বেহাগে গান গাহিতেছি – তুমি বিনা কে প্রভু সংকট নিবারে, কে সহায় ভব অন্ধকারে । তিনি নিস্তব্ধ হইয়া নতশিরে কোলের উপর দুই হাত জোড় করিয়া শুনিতেছেন – সেই সন্ধ্যাবেলার ছবি আজও মনে পড়িতেছে ।"

হিমালয়ে তাঁর পিতার সাথে কালযাপন রবীন্দ্রনাথের মনোজগৎ তথা দৃষ্টিজগতে এক বিপুল পরিবর্তন বহন করে আনে । দেবতাদের সাথে সাক্ষাৎ হল যেন । বাড়িতে ফিরে নিষেধের গন্ডি লুপ্ত হয়েছিল । এককালে মানুষ ও পর্বতে সাক্ষাৎ হত – কবিতায় পড়া সেই আক্ষেপ মনে পড়ার কথা । পরবর্তীকালে 'বনফুল', 'কবিকাহিনী' কাব্যের মধ্যে হিমালয়ের পটভূমি লক্ষ করার বিষয় ।

কবিগুরুর প্রকৃতির কোলে শিক্ষালাভ পরবর্তীকালের বিশ্বভারতীর সূচনাপর্ব বলে মনে হয় । রবীন্দ্রনাথের জীবনে হিমালয়ের ভূমিকা এতই গুরুত্বপূর্ণ যে যখন তিনি স্থির করলেন বিদ্যালয় প্রতিষ্ঠা করবেন ঠিক সেই সময় একদিন আচার্য জগদীশচন্দ্রের বাড়িতে ভগিনী নিবেদিতার সঙ্গে কবিগুরুর দেখা হোল । নিবেদিতা তখন ভারতবর্ষের তীর্থস্থানগুলির মাহাত্ম্য সম্বন্ধে ভাবছিলেন । তাঁর অত্যন্ত আগ্রহ আমাদের দেশের ছেলেরা যেন দলে দলে হিমালয়ের পাহাড়ে পদব্রজে বেড়াতে যায়, বিশেষত তীর্থস্থানগুলি দেখে আসে । এবার রথীন্দ্রনাথ ঠাকুরের কথায় আসি –"বাবা যেই নিবেদিতার কাছ থেকে শুনলেন কয়েকদিনের মধ্যেই প্রথম দলটি নিয়ে বেলুড়মঠের সদানন্দস্বামী কেদারবদরী রওনা হবেন, তখনই তাঁর ইচ্ছা হোল আমাকেও তাঁদের সঙ্গে পাঠান । ------ হরিদ্বারের পথ দিয়েই তীর্থযাত্রীরা সাধারণতঃ কেদারনাথে যায়, কিন্তু সেই রাস্তা খুব ভিড় বলে স্বামীজী আলমোড়ার পথ দিয়ে যাবেন স্থির করেছিলেনন ।" এর পরের বর্ণনায় ভেতরকার অপূর্ব চিত্রলতা আর গাঢ় নিবিড় অনুভব কবিপুত্রের লেখনীতে পরিস্ফুট, হিমালয় ভ্রমণ পড়লে সমগ্র ছবিটি পরিষ্কার মনের পর্দায় দেখা যায় ।

ভ্রামণিক রবীন্দ্রনাথের পথের সঞ্চয় ভরে উঠেছে দেশ সংসর্গে ও মানবসন্নিধানে – যার শুরু পিতার সাথে হিমালয় ভ্রমণ । শেষ পর্যন্ত তাঁর জীবনদর্শনে দৃপ্ত উচ্চারণে জানাতে পেরেছেন "মানুষের দেবতাকে স্বীকার করে এবং প্রণাম করে যাব, আমার জীবনদেবতা আমাকে সেই মন্ত্র দিয়েছেন ।"

এই একই বানীর রেশ আবার স্বামী বিবেকানন্দের লেখাতেও –

"বহুরূপে সম্মুখে তোমার, ছাড়ি কোথা
খুঁজিছ ঈশ্বর
জীবে প্রেম করে যেই জন
সেই জন সেবিছে ঈশ্বর ।"

হিমালয়ের কাছে দীক্ষিত এই দুই চিরস্মরণীয় মহামানব, যাঁদের আবির্ভাব সমগ্র মানব সমাজকে ধন্য করেছে, যাঁরা ভারতবর্ষকে বিশ্বের দরবারে সম্মানের আসন দিয়েছেন – তাঁদেরকে আমার প্রণাম জানাই । ■

গ্রন্থ ঋণ : স্বামী বিবেকানন্দ – 'নতুন তথ্য নতুন আলো' – শঙ্করীপ্রসাদ বসু
জীবনস্মৃতি - রবীন্দ্রনাথ ঠাকুর
পিতৃস্মৃতি - রথীন্দ্রনাথ ঠাকুর

হৃদয়ের মিলন – তেনশিন ওকাকুরা ও স্বামী বিবেকানন্দ

- কাজুহিরো ওয়াতানাবে

Allow me to call you a friend. We must have been such in some past birth. Your cheque for 300 rupees duly reached and many thanks for the same. I am just thinking of going Japan, but with one thing or another and my precarious health, I cannot expedite matters as I wish. Japan to me is a dream ---so beautiful that it haunts one all his life.

With all love and blessings,

Vivekananda

১৯০১ সালের ১৩ই জুন স্বামীজী এই চিঠি লিখেছিলেন। প্রাপকের নাম টোকিওর কাকুযো ওকাকুরা ওরফে তেন্‌শিন ওকাকুরা। এর আগে তেন্‌শিন স্বামী বিবেকানন্দকে জাপানে আমন্ত্রণ করার পরিকল্পনা করেন এবং ভ্রমণ খরচ হিসাবে ৩ শো টাকা পাঠিয়ে দেন । বিবেকানন্দের চিঠিটি লেখা হল সেই আমন্ত্রণের উত্তর হিসাবে ।

চিঠিটি যখন প্রেরণ করা হয়, তখনও প্রত্যক্ষ পরিচয় ঘটে নি এই দুজন মনীষীর মধ্যে । তাহলে স্বামীজী এবং জাপানের প্রখ্যাত শিল্পকলা সমালোচক ও চিন্তাবিদ তেন্‌শিন ওকাকুরা কিভাবে একে অন্যকে চিনেছিলেন তথা তাঁদের মধ্যে কিরকম ভাবের আদান-প্রদান হয়েছিল, সেটি জানার চেষ্টা করা হবে এই লেখার মাধ্যমে ।

তেন্‌শিনের জন্ম হয় ১৮৬২ সালে বন্দর নগর ইয়োকোহামাতে। তাঁর বাবা ছিলেন সামন্ত যুগে সামুরাই (যোদ্ধা) শ্রেণীতে অন্তর্ভুক্ত একজন ব্যক্তি, তবে প্রভুর আদেশ অনুযায়ী রেশম সুতোর ব্যবসায় নিয়োজিত ছিলেন । সেই যুগে রেশম সুতো ছিল জাপানের অন্যতম প্রধান রপ্তানি দ্রব্য । তাঁর দোকানে বিদেশীদের আনাগোনা হত । তাঁদের কথা শোনার মাধ্যমে তেন্‌শিন ইংরেজির সংস্পর্শে আসেন । এ ছাড়া তাঁর বাবার আদেশে তিনি ইয়োকোহামায় বসবাসকারী মার্কিন খ্রীষ্টান ধর্মযাজক জেমজ হামিলটন বালা (James Hamilton Ballagh) -র কাছে ইংরেজি শেখেন । তখনকার যুগে ইংরেজি-জানা জাপানীর সংখ্যা ছিল অত্যন্ত নগণ্য । তেন্‌শিন ইংরেজীর বিরল দক্ষতা লাভ করতে পারেন তাঁর ছোটবেলাকার পরিবেশ ও পড়াশোনার কল্যাণে ।

তখনকার জাপান ব্যাপক সংস্কারের মধ্য দিয়ে যাচ্ছিল । শিক্ষা ব্যবস্থারও সংস্কার সাধন করা হয় । সেই অনুযায়ী তেন্‌শিন মাত্র ১৬ বছর বয়সে টোকিও বিশ্ববিদ্যালয়ে ভর্তি হন এবং প্রধানত রাজনীতি ও অর্থনীতি নিয়ে অধ্যয়ন করেন । ১৯ বছরে স্নাতক হওয়ার পর তিনি শিক্ষা মন্ত্রকে চাকরি পান । তাঁর মূল কর্মক্ষেত্র ছিল চারুকলা শিল্প শিক্ষার ব্যবস্থাপনা । সেই সূত্রে চিত্র অঙ্কন ও ভাস্কর্য নির্মাণের পেশাদার শিল্পীদের লালন-পালনের জন্য জাপানের প্রথম উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান "টোকিও শিল্পকলা বিদ্যালয় (Tokyo School of Fine Arts)" প্রতিষ্ঠার কাজে নিয়োজিত হয়েছিলেন তেন্‌শিন । এই বিদ্যালয়ের শুভ-উদ্বোধন হয় ১৮৯৮ সালে । তেন্‌শিন প্রথমে চিত্র অঙ্কন বিভাগের প্রধান হিসাবে যোগ দেন এবং পরবর্তী বছরে মাত্র ২৯ বছর বয়সে বিদ্যালয়ের প্রধানের পদে আসীন হন। সামন্ত যুগের পরিসমাপ্তির পরে শীঘ্রই আধুনিক রাষ্ট্রে পরিণত হওয়ার ব্রত গ্রহণকারী জাপানে নিঃসন্দেহে তেন্‌শিন ছিলেন উদীয়মান তরুণ নেতাদের অন্যতম ।

তৎকালীন জাপান অতি ব্যস্ত ছিল যথাসম্ভব পাশ্চাত্যের উন্নত দেশগুলির পাশাপাশি দাঁড়াতে । সেই প্রক্রিয়ার মাধ্যমে পাশ্চাত্যের জিনিসকে কেবল উচ্চ মূল্যায়ন করে জাপানের ঐতিহ্যগত মূল্যবোধ নাকচ করার প্রবণতা দেখা যেত । চারুকলা শিল্পের জগতেও তার ব্যতিক্রম ঘটে নি। এ রকম প্রবণতার মাঝে তেনশিন ছিলেন এমন ব্যক্তি যিনি দেশের ঐতিহ্যগত চারুশিল্পের পুনর্মূল্যায়নের প্রচেষ্টা চালান এবং বিশ্বের কাছে তার তাৎপর্য যথাযথভাবে তুলে ধরেন ।

কিন্তু অচিরেই সরকারের কর্মকর্তা হিসাবে তেন্‌শিনের অবস্থানে গণ্ডোগোল দেখা যায় । পশ্চিমী ধাঁচের চিত্র অঙ্কনে গুরুত্ব প্রদানকারী গোষ্ঠীর সঙ্গে রেষারেষি এবং ব্যক্তিগত কেলেঙ্কারীর ঘটনায় জড়িত হয়ে পড়ে গিয়েছিলেন তেন্‌শিন । বিদ্যালয়টির প্রধানের পদে অধিষ্ঠিত হওয়ার ৮ বছর পর ১৮৯৮ সালে তিনি পদটি ছেড়ে দিতে বাধ্য হয়েছিলেন । তেন্‌শিনের ভক্ত তাইকান ইয়োকোইয়ামা ও কান্‌যান শিমোমুরা প্রমুখ কয়েকজন শিল্পী ও অধ্যাপক তেন্‌শিনের অনুসরণে বিদ্যালয় কর্তৃপক্ষের কাছে পদত্যাগ পত্র দাখিল করেন । তাঁদের নিয়ে তেন্‌শিন নিহোন বিজুৎসুইন (জাপান শিল্পকলা ইন্‌স্টিটুট বা Japan Art Institute) প্রতিষ্ঠা করেন এবং ঐতিহ্য রক্ষার পাশাপাশি জাপানের নতুন ও নিজস্ব চিত্রশিল্প সৃষ্টি করার লক্ষ্যে কাজ করে যান । তেন্‌শিনের পথনির্দেশনার মাধ্যমে তাইকানরা পরবর্তীকালে বিশ্বব্যাপী স্বীকৃতি লাভ করতে সক্ষম হন ।

টোকিওর উয়েনো এলাকায় প্রতিষ্ঠিত নিহোন বিজুৎসুইনে ১৯০১ সালে তেন্‌শিন কয়েকজন বিদেশীদের জন্য জাপানী শিল্পকলার উপর ইংরেজিতে বক্তৃতা সভার আয়োজন করেন । এতে অংশগ্রহণকারীদের মধ্যে ছিলেন জসেফিন মাক্‌লাউড(Josephine MacLeod) নামক একজন মার্কিন মহিলা । মাক্‌লাউড ছিলেন স্বামী বিবেকানন্দের নিবেদিত ভক্ত। ১৮৯৫ সালে নিউইয়র্কে প্রথমে বক্তৃতা শুনে তিনি স্বামীজির ভক্ত হয়ে যান । মিয মাক্‌লাউড টোকিওতে এসেছিলেন ভারতে স্বামীজীর সঙ্গে দেখা করে দেশে ফেরার পথে ।

